আচার-চর্য্যা

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র

আচার-চর্য্যা

(দ্বিতীয় খণ্ড)

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র

ভূমিকা

পুঁজিবাদের বিরুদ্ধে সারা দুনিয়া আজ প্রায় এক মত। কিন্তু একটিমাত্র পুঁজি আছে জগতে যা' আবহমানকাল মানুষের পূজো কুড়িয়েছে, কুড়োচ্ছে ও কুড়োবে। সে হ'লো চরিত্রের পুঁজি। এই পুঁজি যে-মানুষের মধ্যে যতখানি পুঞ্জীভূত হয়, সে হয় তত বড় শ্রদ্ধার পাত্র। দেশে-দেশে লোকে-লোকে কালে-কালান্তরে তার মর্য্যাদার আসন অলক্ষ্যে সুপ্রতিষ্ঠিত ও সম্প্রসারিত হ'য়ে চলে। এই মৃত্যুঞ্জয়ী, কালজয়ী মহিমা মানুষ অর্জ্জন করে কোন্ যাদুমন্ত্রের বলে? সে যাদুমন্ত্র হ'লো আচরণ অর্থাৎ সম্যক্ চলন। এই সম্যক্ চরণ বা চলনের গোমুখী-উৎসটি কী? তা' হ'লো শ্রেয়নিষ্ঠা বা গুরুভক্তি। এই নিত্য-প্রসারণশীল, সদা-সক্রিয়, সুকেন্দ্রিক অনুরাগাগ্নি যা'র অনির্ব্বাণ ঊর্দ্ধশিখা বিস্তার ক'রে জ্বলতে থাকে আর যে-জ্বলন নিয়ত সার্থকতা লাভ করে প্রেষ্ঠানুগ অব্যর্থ মনোজ্ঞ চলনে—অন্তর ও বাহিরের যা'-কিছুর সুসঙ্গত, সাত্বত বিন্যাস-বিনায়না ও সেবাসম্পোষণাকে সলীল ক'রে,—সেখানেই জেগে ওঠে ঐশ্বর্য্য ও মাধুর্য্যমণ্ডিত মহৎ চরিত্র—পরিবেশ ও পরিস্থিতির ভিতর মহনীয়তাকে সঞ্চরমাণ ক'রে। এই অমৃততরঙ্গ অমোঘ, এই অমৃতক্রিয়া অবিনাশী, অমর। তাই অতন্দ্র জাগরণে, অবিশ্রান্ত অনুশীলন ও আত্মবিশ্লেষণে অভ্যাস, ব্যবহার, কথাবার্ত্তা, চালচলন, চিন্তাচর্য্যা যা'-কিছুকে সত্তাপোষণী ছন্দে ছন্দায়িত ক'রে একখানি সঙ্গতিশীল নিটোল জীবন গ'ড়ে তোলা মানব-জীবনের এক পরম পুরুষার্থ-বিশেষ। 'আচার-চর্য্যা' দ্বিতীয় খণ্ডে পরমপ্রেমময় শ্রীশ্রীঠাকুর এই শাশ্বত সত্যই ঘোষণা করেছেন—আত্মনির্ম্মিতির অজস্র সূক্ষ্ম প্রায়োগিক কৌশলকে উদঘাটিত ক'রে।

এ গ্রন্থ শুধু আমাদের চেতনা ও বোধনাকেই সন্দীপ্ত ক'রে ক্ষান্ত হয় না, এর মধ্যে এমন একটি নিগূঢ় শক্তি নিহিত আছে যা' মনের মধ্যে মাতন জাগিয়ে তোলে। সে-মাতন আর কিছুর জন্য নয়, তা' ভগবানের জন্য,—সৎ অভিনিবেশী সুকেন্দ্রিক সাধু চলনের জন্য। দয়ালের দয়ায় এই পুস্তকের পঠন, পাঠন ও অনুশীলনের মাধ্যমে

সেই সৎ-চলন-মত্ততাই পেয়ে বসুক আমাদের সবাইকে। তবেই সার্থক হবে এ সঙ্কলন। বন্দে পুরুষোত্তমম্।

সৎসঙ্গ (দেওঘর)
১৭ই বৈশাখ, বৃহস্পতিবার, ১৩৭১
৩০।৪।১৯৬৪

শ্রী অমরেন্দ্রনাথ চক্রবর্ত্তী

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

আচার-চর্য্যা ২য় সংস্করণ প্রকাশিত হ'ল। মানুষের স্বভাব ও চরিত্রের অজস্র খুঁটিনাটি দিক আছে। সেগুলির স্বরূপ ও তা'র সুবিনায়নী ক্রম এই মহাগ্রন্থের দুটি খণ্ডের মধ্যে সম্যক বিবৃত করেছেন শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র। ১৩৭১ সনে (ইং ১৯৬৪) এই গ্রন্থ প্রকাশিত হ'য়ে যাওয়ার পর এই প্রসঙ্গে শ্রীশ্রীঠাকুর আরো ১১টি বাণী প্রদান করেন। তখন সেগুলি বিবিধসুক্ত ২য় খণ্ডে চরিত্র-নামক শিরোনামায় ছাপা হয়। আচার-চর্য্যা'র বর্ত্তমান সংস্করণে সেই বাণীগুলি এনে যুক্ত ক'রে দেওয়া হ'ল। গ্রন্থের বিষয়-সূচী ও প্রথম পংক্তির সূচীও ঐ সংযুক্তির ক্রম-অনুসারে বিন্যস্ত করা হ'ল।

সৎসঙ্গ, দেওঘর
১লা আষাঢ়, ১৩৯২

শ্রীঅমরেন্দ্রনাথ চক্রবর্ত্তী

নিষ্ঠানন্দিত আচরণ ও তপশ্চর্য্যা,

কুশল-কৌশলী অনুশীলন,

ঊর্জ্জী মধুর-সুন্দর বাক্ ও ব্যবহার,

আপ্যায়নাপূর্ণ অনুচলন ও লোকচর্য্যা,

স্বার্থ-প্রত্যাশাহীন সহজ-অনুকম্পী

সেবা-সন্দীপনা—

এই কয়টিই মানুষের মহান্ সম্পদ্।

আমার কথাগুলি যদি তোমায় -
শুধুই কথা-চিত্রেরই খোরাক মাত্র হয় -
কায়ার বা আবরণের ভেতর দিয়ে
প্রাণটাকে যদি -
বাস্তবেই ছুঁইয়ে দেখতে না পায় -
তবে -
পাওয়া যে তোমার
অসম্পূর্ণই রয়ে যাবে -
তা কিন্তু অতি নিশ্চয় —

তোমারই "আমি"

চরিত্র

আচরণ ও চরিত্র
মানুষের অন্তর-প্রবৃত্তির ব্যঞ্জনা-মাত্র । ১ ।

যা'রা অন্তরে বিনীত,
দীনভাবাপন্ন,—
তা'রাই ধন্য,
কারণ, ঈশ্বরের রাজত্ব সেখানেই । ২ ।

শোকসন্তপ্ত অনুতপ্ত যা'রা
তা'রা ধন্য,
কারণ, তা'রা সান্ত্বনার অধিকারী । ৩ ।

নম্র, বিনায়িত যা'রা
তা'রাই ধন্য
উত্তরে তা'রাই দুনিয়াটাকে
উপভোগ ক'রবে । ৪ ।

অন্তরে, পবিত্র যা'রা—
একায়িত অন্তঃকরণ নিয়ে,—
তা'রাই ধন্য,
কারণ, ঈশ্বর অমনতর হৃদয়েই
উদ্ভাসিত হ'য়ে থাকেন । ৫ ।

সৎ-সংক্ষুধ যা'রা—
আশীর্ব্বাদ প্রস্রবিত হবে সেখানেই,

আর, তা'রই অনুশীলনে
তুষ্টি পাবে তা'রা ।৬।

দয়ার্দ্র যা'রা
দয়া পেয়ে থাকে তা'রাই সাধারণতঃ ।৭।

পুণ্য তাঁরা
যাঁরা প্রেয়মুগ্ধ শুভ-সক্রিয়,
কারণ, তাঁরা অনেককেই
আপূরিত ক'রে তুলতে পারেন ।৮।

যা'র জীবন যেমন
অর্থান্বিত সঙ্গতিশীল তপস্যায় বিনায়িত,
তা'র কৃতি-জ্ঞান, প্রত্যয়
ও যোগ্যতাও তেমনিই ।৯।

মানুষের অকৃতী চলন,
বিচ্ছিন্ন আগ্রহ,
বিকম্পিত ইচ্ছাশক্তি,
নিষ্পন্নতায় তাচ্ছিল্য
যোগ্যতাকেই ক্ষুব্ধ ক'রে তোলে,
আর, এই অযোগ্যতার ফলে
মানুষ নিজে তো নিষ্পেষিত হয়ই,
তা' ছাড়া, সন্তান-সন্ততিও
ঐ ব্যর্থ চলনে প্রভাবিত হ'য়ে
অমনতরই ব্যর্থতাকে
আহরণ ক'রে চলতে থাকে—
পরিবেশে
বিপর্য্যয়ী সংঘাত হানতে হানতে ।১০।

জন্ম বোঝা যায় ব্যক্তিত্ব দিয়ে,
ব্যক্তিত্ব বোঝা যায় চরিত্র দিয়ে,
চরিত্র বোঝা যায় চলন দিয়ে ।১১।

পারগতাই হওয়ার হোতা,
আর, সুকেন্দ্রিকতাই পারগতার প্রভু,
তদনুগ অনুচলনই চরিত্র । ১২ ।

সম্বেগ-সম্বুদ্ধ কৃতিচর্য্যা যেমনতর,
চরিত্রও তেমনিই হ'য়ে থাকে প্রায়শঃ । ১৩ ।

স্বভাবসিদ্ধ পেয়ে-বসা সংস্কার
যা'র যেমনতর—
চরিত্রও তা'র তেমনি হ'য়ে থাকে,
আর, তা' বংশগতিরই লক্ষণ । ১৪ ।

চল যত পার—
চরিত্রকে প্রেয়ের রঙে রঙ্গিল ক'রে—
হৃদ্য বাক্ ও ব্যবহারের
নিখুঁত মিলন নিয়ে । ১৫ ।

চেষ্টানুগ যদি চরিত্র না হয়—
আর, চরিত্র যদি বোধ ও ব্যবহারকে
আনুপাতিকভাবে
সন্দীপ্ত না ক'রে তোলে
উপচয়ী অধ্যবসায় নিয়ে,—
যা'তে পরিস্থিতিও
ঐ চেষ্টার সহায়ক হ'য়ে ওঠে,
সাফল্যও সঙ্কুচিত সেখানে । ১৬ ।

তোমরা জগতে
স্বাদন-সন্দীপনী লবণ,
তোমরা যদি স্বাদহীন হ'য়ে ওঠ—
বাক্যে, ব্যবহারে, চলন-চরিত্রে,—
এমন কী আছে
যা' দুনিয়াকে স্বাদু-তৃপ্ত ক'রে তুলবে? ১৭ ।

ভর-দুনিয়াটা
চালচলন নিয়ে চলন্ত,
এই চালচলনই হ'চ্ছে চরিত্র,
আর, তা' যেখানে
যেমনতর কেন্দ্রায়িত সুনিষ্ঠ,
শ্রদ্ধোষিত,
সমীচীন,
সুক্রিয়, সত্তাপোষণী,—
সেখানে তা' তেমনতরভাবে সংহত । ১৮ ।

তোমার চরিত্রই হ'চ্ছে
তোমার প্রথম ও প্রধান পরিচয়,
আর, সুনিষ্ঠ সুযুক্ত ব্যবস্থিতিসম্পন্ন
কৃতিদীপ্ত বোধনাই হ'চ্ছে—
তোমার ব্যক্তিবিভূতির সাক্ষ্য,
আর, ওর মোট সঙ্গতিই হ'চ্ছে
তোমার বাস্তব বিজ্ঞাপন । ১৯ ।

দীন হও
কিন্তু দৈন্যগ্রস্ত হ'য়ো না—
কি অন্তরে, কি বাহিরে—
কি ব্যক্তিত্বে, কি চরিত্রে। ২০।

যে-গুণ বা যা'র গুণগুলি
সার্থক সঙ্গতি নিয়ে
অন্বিত তাৎপর্য্যে
বিনায়িত শৃঙ্খলায়
চরিত্রকে অনুরঞ্জিত ক'রে
সাত্ত্বিক সংস্থিতিতে সংস্থ হ'য়ে ওঠে—
বিশেষ বৈশিষ্ট্যে
সক্রিয় বোধনব্যাপনী চাতুর্য্যে,

তা'কে পাওয়া বা তৎপ্রাপ্তি
অমনতরভাবেই
জীবনে সংগঠিত হ'য়ে ওঠে,
আর, প্রাপ্তি ঐই । ২১ ।

তুমি যা' বল বা চাও,
তা' যদি তোমার চরিত্রে
সুচারু সন্দীপনায়
অভিব্যক্তি লাভ না করে—
সক্রিয় তাৎপর্য্যে,
প্রতিক্রিয়ায় সেগুলি
কা'রও অন্তরকে আলোড়িত ক'রে
ঐ অনুকম্পায় উদ্ভিন্ন ক'রে তুলবে না;
এতটুকু খাঁকতি থাকলেও
প্রতিক্রিয়ায় ঐ খাঁকতিই
কার্য্যকরী হবে কিন্তু । ২২ ।

ইষ্ট বা প্রেষ্ঠানত অনুচলন যা'র নাই—
সঙ্গতিশীল অন্বিত অর্থনা নিয়ে,—
বাক্য, ব্যবহার ও কৃতিচলনও বিচ্ছিন্ন তা'র,
বোধবিভূতিও ছন্নছাড়া, বিকৃত,
এক-কথায়, চরিত্রও তা'র অমনতরই,
সে যত বড় কথাই বলুক—
সে-মানুষ ছন্নছাড়া,
জীবন-প্রভাবও তা'র ব্যতিক্রমদুষ্ট,
—এইটেই হ'চ্ছে মানুষের
ব্যক্তিগত জীবনের
মোক্তা নির্দ্দেশক । ২৩ ।

কেউ লাখ তোমার সঙ্গে থাকুক,
অথচ তোমার চরিত্রের ছোঁয়াও যদি না লাগে

তা'র ব্যক্তিত্বে,
তা'র মানেই
সে যতই বলুক
আর যতই করুক,
তোমাকে ভাল লাগে ব'লে
তোমার সঙ্গে থাকে না,
সঙ্গ করে
তা'র উদ্দেশ্য সাধনের জন্য,
তাই, তোমার ব্যক্তিত্বের
ছোঁয়াও লাগে না তা'র গায়ে। ২৪ ।

তুমি যে বড়—
তোমার বাস্তব প্রকৃতির
বোধায়নী সঙ্গতি নিয়ে,
তা'র প্রমাণই হ'চ্ছে—
তোমাকে ধ'রে
তোমার অনুসরণে
কে কেমনতর বড় হ'য়ে উঠছে বা উঠেছে—
নিষ্ঠানন্দিত অনুনয়নে,
অন্তঃপ্রকৃতির সঙ্গতিশীল
সার্থক বিনায়নার ভিতর-দিয়ে,
—এক-কথায়, তোমাকে ধ'রে
কে কেমনতর গজিয়ে উঠছে—
বৈশিষ্ট্যের বিশাল সঙ্গতিশীল ব্যাপৃতি নিয়ে,
যেমন, পিতা
তা'র সন্তান-সন্ততির ভিতর-দিয়ে
আত্মপ্রকাশ ক'রে থাকেন,
গজিয়ে ওঠেন—
বরণ্য হ'য়ে । ২৫ ।

যতই তুমি
বিখ্যাত, ধীমান্
বা কীর্ত্তিমান হও না কেন,
তোমার আচার যদি
সাত্বত-পরিচর্য্যী না হয়,
চরিত্র যদি লোককীর্ত্তিপ্রবুদ্ধ না হয়,
ব্যবহার ও অনুচর্য্যা যদি
জীবনীয় না হ'য়ে ওঠে,
তোমার ধী ও কীর্ত্তি
লোকজীবনে
উত্থান সৃষ্টি ক'রে তুলতে পারবে না,
বরং তা'দিগকে
বিপরীত-গতিসম্পন্ন ক'রে তুলবে,
তোমার কথা ও কর্ম্মকে অনুসরণ ক'রে
মানুষ চরিত্রহীন,
বিরুদ্ধ-আচারী হ'য়ে চলবে,
তা'তে তুমি মানুষের
সম্বর্দ্ধনার স্বার্থ হ'য়ে উঠবে । ২৬ ।

ব্যক্তিত্বের নিষ্ঠা-উদ্যুক্ত ভাববিন্যাস
সক্রিয় অনুচলনশীল
যা'র যেমনতর,—
প্রভাবও হ'য়ে থাকে
তা'র তেমনি;
বিশেষতঃ যা'র ভাব
নিষ্ঠা-উদ্যুক্ত, উদ্যমশীল হ'য়ে
সাত্বত, সার্থক সঙ্গতিশীল
সক্রিয় অনুচলনে বিনায়িত,—
তা'র ব্যক্তিত্বের প্রভাবও
সাত্বত-সন্দীপী হ'য়ে
নিষ্ঠাদীপ্ত অনুচলন-স্রোতা হ'য়ে থাকে। ২৭।

তোমার জীবন,
তোমার ব্যক্তিত্ব,
তোমার সংস্থিতি
নিষ্ঠাসুন্দর অনুনয়নে
রাগদীপ্ত অনুবেদনায়
কৃতিসুন্দর তর্পণ-বিনায়নে
তাথৈ তালে নাচতে থাকুক,
আর, এই চরিত্রই তোমার
শিবসুন্দরের আসন প্রস্তুত করুক,
তুমি মঙ্গলে অধিষ্ঠিত হ'য়ে ওঠ—
লোকবেদন-পরিচর্য্যায়
বিক্রমবুদ্ধ উন্মাদনায় । ২৮।

চরিত্র, আচরণ
ও গুণবিভাযুক্ত ব্যক্তিত্ব
যা' ইষ্টানুরাগনিষ্যন্দী
সুসন্ধিৎসু অনুশীলনার ভিতর-দিয়ে
কৃতি-উৎকর্ষ নিয়ে
অন্বিত সার্থকতায়
সত্তায় বিভবান্বিত হ'য়ে ওঠে,—
প্রাপ্তি তো তাই-ই । ২৯ ।

সুখদুঃখ সবারই আছে,
কিন্তু নিষ্ঠাসন্দীপ্ত,
বিন্যাস-বিভূতিশীল,
সুবিবেকী হৃদ্য চরিত্র
যেখানে স্ফুরণপ্রভাবসম্পন্ন,
যা' কথায়-বার্ত্তায়, আচারে-ব্যবহারে, চালচলনে
বিকাশ পেয়ে থাকে,—
স্বস্তিমুখর সার্থক ব্যক্তিত্বের সম্পদ্
কিন্তু তাই-ই । ৩০ ।

কল্যাণপ্রসূ দ্যুতিমান্ ব্যক্তিত্ব যেখানে—
সাত্ত্বিক তত্ত্ব-সঙ্গতি নিয়ে,—
দেবত্বও সেখানে ।৩১।

বাস্তব বোধ ও ব্যক্তিত্বের সঙ্গতি
যা'র যত কম,—
আস্থা-বৃত্তিও তা'র তত ঢিলে ।৩২।

সু-কে ধারণ, পালন, পোষণ কর,
অস্তিত্বের কানায়-কানায় পান ক'রে নাও,—
তোমার ব্যক্তিত্ব সুধাবর্ষণ করুক ।৩৩।

শ্রদ্ধা, বোধ ও কর্ম্মের
বিন্যাস-বিভূতি-লব্ধ ব্যক্তিত্ব দিয়েই
মানুষের মেকদার
পরিমাপিত হ'য়ে থাকে ।৩৪।

ব্যক্তিত্বকে বোধদীপ্ত অটল ক'রে তোল—
নিষ্ঠা-অনুপ্রাণনায়
সার্থক সঙ্গতিশীল ক'রে
হৃদ্য বাক্-ব্যবহার-অনুচর্য্যায় ।৩৫।

ব্যক্তিত্ব যা'দের নিষ্ঠাহারা, ছেদশীল, বিক্ষিপ্ত,
সম্বন্ধ তা'দের ব্যতিক্রমদুষ্ট, ছন্ন,
সাধারণতঃ আত্মগর্ব্বী ।৩৬।

যা'দের ব্যক্তিত্বে মর্য্যাদাই কম,
ওজনই কম,
অর্থাৎ, সদ্‌গুণ-বিন্যাসই অকিঞ্চিৎকর,
প্রতি পদক্ষেপে তা'রাই সহজেই
অপমান বোধ করে বেশী,
এক-কথায়,
ঠুনকো মানী যা'কে বলে তা'ই ।৩৭।

নিষ্ঠা, বীর্য্য, বোধ, ব্যবহার ও বিনয়—
এই ক'য়ের সঙ্গতি
যে-ব্যক্তিত্বে যত সমীচীনভাবে সম্বদ্ধ,—
সে-ব্যক্তিত্বও তেমনি প্রভাবশালী । ৩৮।

সাত্বত আচারসন্দীপ্ত শ্রেয়নিষ্ঠা
যা'র সম্পদ্ হ'য়ে ওঠেনি—
তা'র বিবেকচক্ষুর দৃষ্টিকোণ ও দৃষ্টিভঙ্গী
সব সময়ই দোদুল্যমান
ও ব্যত্যয়ী হ'য়ে থাকে সাধারণতঃ
সেইজন্য ঐ ব্যক্তিত্বের বিচার-বিচরণাও
অমনতর হ'য়ে থাকে;
তাই, সাধারণতঃ এরা
সাত্বত-বিচার-বিহীন,
এঁড়ে-তার্কিক
ও ভ্রান্তিবুদ্ধিসম্পন্ন । ৩৯ ।

আত্মসম্মান-প্রবৃত্তি
যা'দের কিন্তু যত তীক্ষ্ন,—
আত্মোৎসর্জ্জনাও তা'দের ভিতর তত নিখুঁত,
আর, যেখানেই শ্রদ্ধা তর্‌তরে—
সেখানেই অর্থাৎ সেই ব্যক্তিত্বে
আত্মসম্মান ও আত্মোৎসর্জ্জনা
সুষ্ঠু সার্থক সঙ্গতি লাভ ক'রে
শ্রেয়নিষ্ঠ প্রসন্ন প্রদীপনায় উদ্দীপ্ত । ৪০।

ব্যক্তিত্ব যা'র ব্যতিক্রমদুষ্ট,
অন্বিত একায়নায় সার্থক হ'য়ে ওঠেনি—
সঙ্গতিশীল ক্রমানুবর্ত্তিতায়,—
লাখ স্বাধীন কর তা'কে,
স্বাধীনতা কিছুতেই সে

ভোগ করতে পারবে না,
বিক্ষেপ-বিক্ষুব্ধ অকৃতজ্ঞতা
তা'কে বিচ্ছিন্ন ক'রেই রাখবে,
তাই, তা'র সাত্ত্বিক ধৃতিও ঐ রকম । ৪১।

তোমার শ্রদ্ধোষিত অনুচলন,
সক্রিয় তৎপরতা,
অনুচর্য্যী পদক্ষেপ
সাত্বত সুনিয়ন্ত্রিত বাক্ ও ব্যবহারে
সন্দীপ্ত হ'য়ে
তোমার ব্যক্তিত্বকে
দেব-ব্যক্তিত্বে সম্বর্দ্ধিত ক'রে তুলে' থাকে;
স্মরণ রেখো—
এমনতর চলনই যেন
তোমার সহজ চলন হয় । ৪২ ।

সজাগ থাক,
ব্যতিক্রমদুষ্ট হ'য়ো না,
কৃতিবিভবের শুভ-সন্দীপনা
তোমাকে সম্বেগশালী ক'রে তুলবে,
কৃতিবিভোর ক'রে তুলবে—
ধৃতিবিনায়নী তাৎপর্য্যে,
স্বস্তির শুভ-আকর্ষণে,
উল্লোল উদ্দীপনায়,
ব্যক্তিত্বকে দেবদ্যুতিসম্পন্ন ক'রে তুলবে;
আর, তোমার ঐ সার্থকতাকে
দুনিয়া উপভোগ করুক—
স্মিতসুন্দর তাৎপর্য্যে। ৪৩ ।

সুনিষ্ঠ ইষ্টীপূত অনুবেদনায়
স্থিতিলাভ ক'রে

কখন কোথায় কী করবে
বা কী বলবে,—
সুবিবেকী বিবেচনার ভিতর-দিয়ে
হৃদ্য সাত্ত্বিক অনুনয়নে,
যেখানে যেমন সমীচীন
অনুচর্য্যা-তৎপরতায়
হাতেকলমে ক'রে,—
সে-সম্বন্ধে
যতই অবহিত হ'য়ে উঠতে পারবে তুমি—
তোমার ব্যক্তিত্বও
মিষ্টি হ'য়ে উঠবে ততই,
লোক-হৃদয়গ্রাহী হ'য়ে উঠবে ততই । ৪৪ ।

বাস্তবতা বা সত্যের আঁট তা'রই,—
যে সমীচীন কথা দেয়,
আর, সমীচীনভাবে তা' কাজে নিষ্পন্ন করে—
হৃদ্য আপ্যায়নী আগ্রহ নিয়ে;
এমনতর চলনে
ক্রমে-ক্রমে
ব্যক্তিত্বটা বাস্তব অনুচলনে
নিয়ন্ত্রিত হ'য়ে ওঠে,
ভবিষ্যকালে তা'র ব্যক্তিত্ব
পরিবেশের নিয়ামকই হ'য়ে থাকে । ৪৫ ।

বিষয়-সংক্রান্ত বাস্তব সঙ্গতির
যৌক্তিক অর্থনায়
উপনীত না হ'য়েই,
তা'র সার্থকতা হৃদয়ঙ্গম না ক'রেই,
বোধদীপনায় উপনীত না হ'য়েই
যা'রা নিজের মত প্রকাশ ক'রে,

বা কোন মনকে সমর্থন ক'রে
তা'তেই গড়াগড়ি যায়,
এখন এক রকম
আবার অন্য সময় অন্য রকম হ'য়ে দাঁড়ায়—
নিষ্ঠাবিভূতির বিভবে
ব্যক্তিত্বকে প্রতিষ্ঠা না ক'রে—
তা'দের ব্যক্তিত্ব দাঁড়াপ্রবণ নয়কো,
আর, বৈশিষ্ট্যও তা'দের
দুর্ব্বল স্নায়ুসম্বদ্ধ,
তা'দের মত ও মতলব শুভপ্রসূ কমই। ৪৬।

তোমার অকম্পিত
উর্জ্জী উচ্ছল নিষ্ঠা,
বোধবিকশনী আলোচনা
অনুকম্পী প্রীতি,
কৃতিমুখর সাত্বত পরিচর্য্যা,
সুসন্ধিৎসু সতর্ক অনুচলন
তোমার ব্যক্তিত্বকে যেন
এমনতরই অন্বিত, বিন্যস্ত ক'রে তোলে,—
যা'তে তুমি প্রতিপ্রত্যেকের হৃদয়ে
উদ্বর্দ্ধনার মূর্ত্ত আশীর্ব্বাদ হ'য়ে
প্রত্যেকের নন্দনার উৎস হ'য়ে উঠতে পার;
তোমার আগমন-উৎসারণা
প্রত্যেককেই যেন বরেণ্য ক'রে তোলে,
উর্জ্জী প্রতিভানন্দিত ক'রে তোলে,
বোধ করতে পারে যেন সবাই—
তোমার আগমন যেন
দেবদূতের আবির্ভাব । ৪৭ ।

শ্রেয়নিষ্ঠ উদ্যমশালী
কৃতী ব্যক্তিত্বসম্পন্ন যা'রা,

লোকচর্য্যার ভিতর-দিয়ে
যা'রা আত্মপ্রসাদ উপভোগ করে,
তা'দের যদি কোথাও
কিঞ্চিন্মাত্র বোধভ্রান্তি ঘ'টে থাকে;—
তা'ও কিন্তু উপেক্ষণীয়;
সাত্বত শুভই সাধনা যা'দের,
কৃতি-অনুশীলন-অনুচর্য্যার ভিতর-দিয়েই,
কিংবা প্রাজ্ঞ সাহচর্য্যে
তা'দের বোধভ্রান্তি উড়ে যেতে
একটুও দেরী লাগে না,
কিন্তু আসুরিক দুষ্কৃতিসম্পন্ন যা'রা—
তা'দের বরং তেমনতর হওয়া
কমই সম্ভব হ'য়ে থাকে;
তাই, গীতায় আছে—
"ন মাং দুষ্কৃতিনো মূঢ়া প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥" । ৪৮ ।

যা'রা সুসংস্কৃত,
তা'রা স্বভাবতঃই অচ্যুত আদর্শনিষ্ঠ,
সার্থক সঙ্গতি-সম্পন্ন জীবনীয় সম্বর্দ্ধনার
পরম পোষক,
স্বভাবতঃই বিনীত,
সুজনোচিত সদাচার-পরায়ণ,
আপ্যায়নী অনুকম্পার শুভ-সুন্দর তীর্থ,
জীবনীয় লোকচর্য্যী যোগ্যতার অনুপ্রেরক,
শ্রদ্ধাশীল পরমতসহিষ্ণু হ'য়েও
আপূরণী আদর্শ-অনুগ স্থৈর্য্যে অটুট,
ব্যক্তিত্ব তা'দের চারিত্রিক দ্যুতিসম্পন্ন,
লোকানুরঞ্জক,
সম্যক্ দর্শনদীপনী সন্বিৎসাপূর্ণ সক্রিয়

আগ্রহ-সন্দীপ্ত—
যা'র ফলে তা'রা
অনুশীলনী অনুষ্ঠানের ভিতর-দিয়ে
সার্থক সঙ্গতিতে উপনীত হ'য়ে
সত্য-নিরূপণায়
সুদক্ষই হ'য়ে থাকেন;
ধীমানের স্বাভাবিক চলনই এইরূপ । ৪৯।

যা'রা ভর্ৎসনা বা সংঘাতের ভিতর-দিয়ে
আত্ম-বিনায়নে
সুষ্ঠু কর্ম্ম-তৎপর না হ'য়ে
ধুক্ষা-পীড়িত হ'য়ে ওঠে,—
তা'রা কখনও যোগ্যতার অধিকারী
হ'য়ে উঠতে পারে না,
পটুত্বের অধিকারী হ'য়ে উঠতে পারে না,
আত্ম-বিনায়নী চলন-রত হ'য়ে
বাক্য-ব্যবহারের
হৃদ্য উন্নয়নী তৎপরতা নিয়ে
নিজের ব্যাক্তিত্বকে দেবদ্যুতিসম্পন্ন
ক'রে তুলতে পারে না;
তাই, ভর্ৎসনা বা সংঘাত
যেমনতর যা'ই হো'ক না কেন,
সার্থক সঙ্গতি-সম্পন্ন উন্নয়নে
ওগুলিকে সুবিনায়িত ক'রে তোল,
বা নিরাকরণ কর,
আশীর্ব্বাদ তোমার ব্যক্তিত্বে
মূর্ত্ত হয়ে উঠবে,
বরেণ্য হ'য়ে উঠবে তুমি । ৫০।

যিনি আদর্শনিষ্ঠ—
অচ্ছেদ্য অটুট সেবানিরতি নিয়ে,

প্রীতি-উচ্ছল স্বভাবসম্পন্ন হ'য়েও
যিনি অসৎ-নিরোধী পরাক্রম-প্রবণ,
যিনি বাস্তবতাকে ভিত্তি ক'রে
তদনুগ সার্থক সঙ্গতি রেখে
নিজেরই হো'ক
আর অন্যেরই হো'ক
সব যা'-কিছুকে
নিয়ন্ত্রণ ক'রে থাকেন—
বাস্তব মূর্ত্তনায়
শুভ-সুন্দর
সঙ্গতিশীল কৃতি-উচ্ছল হ'য়ে,
—প্রবৃত্তির চাহিদা যাঁ'র
সাত্বত ধৃতিদীপনাকে
সংক্ষুব্ধ ক'রে তুলতে পারে না,—
তিনিই প্রকৃত ব্যক্তিত্বশীল,
কৃতি-ঐশ্বর্য্যের ভিতর-দিয়ে
ঐশী-অনুকম্পা
তাঁর মস্তকে পুষ্পবৃষ্টি ক'রে থাকে । ৫১ ।

নিষ্ঠানিবিষ্ট অনুধায়না,
শৌর্য্যবীর্য্য-পরাক্রমপ্রবুদ্ধ
অসৎনিরোধী তৎপরতা,
প্রতিপ্রত্যেকের সাথে
স্বস্তি ও শুভপরিচর্য্যী সদ্ব্যবহার,—
সার্থক সঙ্গতিশীল তাৎপর্য্যে যদি এগুলি
বিহিত বিনায়নে
যেখানে যেমন প্রয়োজন
তদনুপাতিক সক্রিয়তা লাভ করে,—
মনুষ্যত্বের বিকাশবীর্য তো
সেখানে তেমনতরই হ'য়ে থাকে;

আর, ও যেখানে ব্যতিক্রমদুষ্ট—
ব্যক্তিত্বও সেখানে বিড়ম্বিত । ৫২ ।

তোমার অন্তর-বাহিরের যা' কিছু
শ্রেয়ার্থ-অন্বয়ে
কৃতিদীপনায়
সার্থক সঙ্গতিশীল তৎপরতা নিয়ে
শুভ-সন্দীপী বিহিত অর্থনায়
চৌকস সঙ্গতিশীল সংযোজনায়
নিটোল হ'য়ে যদি না ওঠে,—
তোমাতে তোমার ব্যক্তিত্বই
সুস্থ সন্দীপনায় গজিয়ে উঠবে না,
তা'র মানে নিটোল ব্যক্তিত্বের
উদ্ভবই হ'য়ে উঠবে না;
শ্রেয়-সঙ্গতি নিয়ে কৃতিসার্থকতায়
অমনতর যতখানি হ'য়ে উঠবে,—
তোমার ব্যক্তিত্বও
তেমনিই হবে কিন্তু;
নয়তো, এলোমেলো ব্যতিক্রমশীল
বিভ্রান্ত উন্মাদনাতেই চলতে হবে—
এখন এক রকম
তখন অন্যরকম
এমনতর বিচ্ছিন্ন চলন নিয়ে;
ব্যক্তিত্বেই সত্তার শুভ-সার্থকতা । ৫৩।

সে সাত্বত ভূমিকে অবলম্বন ক'রে
চারিত্রিক আধানে
অনুকম্পী চর্য্যানিপুণ তৎপরতায়
সার্থক সঙ্গতিশীল তাৎপর্য্যে
জ্ঞানবিভূতির বিকাশ হ'য়ে ওঠে
যেখানে যেমনতর,—

ব্যক্তিত্বটা
দেবত্বে পর্য্যবসিত হয়ও তেমনি,
মানুষ
ঐ তাঁ'দিগকে
দেবতা ব'লে আখ্যায়িত ক'রে থাকে। ৫৪।

বিক্ষুব্ধ ব্যক্তিত্ব
ও তা'র মানস-বিধান
অন্তরের ব্যতিক্রমে গা ঢাকা দিয়ে
শিষ্ট ভঙ্গী দেখিয়ে চলে,
করে উল্টো,—
মিথ্যাচারের লক্ষণ ওখানেই;
আবার, নিষ্ঠানিপুণ উর্জ্জনায়
কৃতি-উচ্ছল সঙ্গতিতে
মঙ্গলপ্রসূ শিষ্টাচার নিয়ে যা' করে—
সে-করা যেমনই হো'ক্,
প্রয়োজনীয় যেমনতর দাঁড়াতেই
তা' দাঁড়াক না কেন—
মিথ্যাচারের মতন দেখা গেলেও
তা' কিন্তু শিষ্টাচারই। ৫৫।

ইষ্টার্থপূরণী আত্মনিয়মনার সহিত
তোমার আচার-আচরণ যতই
নিখুঁত ইষ্টার্থ-বিকিরণী হ'য়ে উঠবে,
ক্রমশঃ
ঐ অনুক্রিয়-চলন-চাতুর্য্য-বিনায়িত
উদ্দীপনী অনুপ্রেরণার আওতায়
যা'রাই আসবে—
শ্রদ্ধোচ্ছল উদ্যম নিয়ে,
তা'দেরও আচার-আচরণ
অমনতর হ'য়ে উঠতে থাকবে—

তা' ধীর পদক্ষেপেই হো'ক,
আর ত্বরিতগতি নিয়েই হো'ক—
বৈশিষ্ট্যমাফিক;
আর, তা'দের ঐ অনুচলন
তোমার ব্যক্তিত্বকে অভ্যর্থনা ক'রে
নন্দিত হ'তে থাকবে,
অমনতর অন্তঃকরণ-স্পর্শে
তুমিও সার্থক হ'য়ে উঠবে,
আর, তোমাকে নিয়ে
তা'রাও তৃপ্ত হ'য়ে উঠবে—
পাবন-প্রসাদের উচ্ছল স্ফুরণা নিয়ে। ৫৬।

তুমি যেমন চাও—
তোমার সুবিধামত
তুমি কোথাও ওঠ, বস,
তোমার খেয়ালমত করণীয় যা' সেগুলি কর,
যেখানে উঠছ, বসছ বা করছ কিছু—
তা'র জন্য
তোমার কোন বাধ্যবাধকতা নাই,
নিজের খেয়ালী চলনকে ত্যাগ ক'রে
অন্য কিছু তুমি করতে পার না;
আর, সে তোমার
শ্রেয় বা প্রেয় হওয়া সত্ত্বেও
তা' যদি তোমার ব্যবহারে পরিস্ফুট না হয়,
বুঝে নিও—
তোমার ব্যক্তিত্বে
আবিল স্বার্থজড়ত্ব আছেই কি আছে। ৫৭।

যা'রা বৃদ্ধি পায়
তা'রা বর্দ্ধনার প্রকৃতি নিয়ে জন্মে,

বর্দ্ধনার কৃতিসম্বেগে
তা'রা সম্বুদ্ধ হ'য়ে চলে—
শিষ্ট অভিসারে,
যা'তে তা'দের নর্ত্তন-উৎসর্জ্জনা
ব্যর্থ না হ'য়ে ওঠে,
ব্যতিক্রমদুষ্ট না হ'য়ে ওঠে;
আর, পরদুঃখকাতরতা,
পরিচর্য্যা,
প্রীতি-প্রসারণ
তা'দের ব্যক্তিত্বের
বিভব হ'য়েই থাকে,
ব্যাপ্তির মহান্ ঊর্জ্জনা
তা'দের উচ্ছল ক'রে তোলে,
তৃপ্তির উদ্দীপনায়
তা'দের সুখবিলোল ক'রে
অতিষ্ঠ ক'রে তোলে,
হাসতে গিয়ে যেমন অনেকের হয়,—
হেসে-হেসে হয়রান হ'য়ে ওঠে,
পারে না সে,
তা'ও হাসি আসে। ৫৮।

আচার্য্যই বল, আর শ্রেয়ই বল,
এক-কথায়, যিনি জীবনে
মুখ্য জীয়ন্ত দ্যুতি,
তা'র মনোজ্ঞ নিয়মনে
বা সত্তা-সম্পোষণী কৃষ্টি-চলনে
যা'রা চলতে নারাজ
বা চলতে পারে না—
নিজের প্রবৃত্তি-প্ররোচনাকে এড়িয়ে,
বরং কষ্টই বোধ করে তা'তে,

এক-কথায়, যা'দের ব্যক্তিত্বে
তেমন রাগানুগ প্রীতি নাই,
যা'র ফলে
তা'র মনোজ্ঞ হ'য়ে চলাই
বা কৃষ্টি-চলনে চলাই
জীবনের সার্থকতা ব'লে প্রতীতি হয়,—
এমনতর যা'রা
রাগদীপ্ত ব্যক্তি তা'রা নয়কো,
ঠিক জেনো—
তা'দের আশ্রয়, সংস্রব বা সঙ্গ
তোমাকে বিপর্য্যস্ত ক'রেও তুলতে পারে;
সুকেন্দ্রিক সার্থক সক্রিয় তৎপরতায়
রাগদীপনা নিয়ে
তোমার জীবনকে নিয়ন্ত্রিত ক'রে তোলবার
প্রেরণা পাবে কমই সেখানে থেকে,
বরং প্রবৃত্তি-পরামৃষ্ট হওয়া সম্ভব,
তাই, সম্ভ্রমাত্মক দূরত্ব বজায় রাখবেই,
যদি বোঝ, তোমার আনতিই সেদিকে প্রবল—
এড়িয়ে যত চলতে পার,
তাই-ই ভাল;
সাবধান!
ঐ আচার্য্য বা শ্রেয়ের মনোজ্ঞ হবার
বা সাত্ত্বিক কৃষ্টি-চলনে চলবার
প্রদীপনা যা'দের নাই,
বিশেষ হিসাব ক'রে চ'লো সেখানে ।৫৭।

শ্রেয়হারা, বিকেন্দ্রিক, বিকৃতমনা
দুর্ব্বল বা অসুরচিত্ত ও আরামপ্রিয় যা'রা,—
তা'রা দেশের সম্পদ্
কমই হ'য়ে উঠতে পারে,

বরং বোঝাই হ'য়ে থাকে,
তা'দের অন্তঃকরণে
অকাট্য আগ্রহদীপ্ত
একায়নী সক্রিয় ইচ্ছাশক্তির
অভাবই পরিলক্ষিত হয় প্রায়শঃ,
আর, সেইজন্যই তা'রা
সার্থক সঙ্গতি নিয়ে
যোগ্যতাসিদ্ধ হ'য়ে উঠতে পারে না,
তা'দের জ্ঞান ও দর্শন
কতকগুলি সঙ্গতি ও সংযোগহারা
প্রকোষ্ঠবদ্ধ হ'য়ে
বিচ্ছিন্নভাবেই
ব্যক্তিত্বে মজুত হ'য়ে থাকে,
যা'র ফলে, সর্ব্বাঙ্গীণ স্ফুরণার
অভাবই ঘ'টে থাকে,
তা'রা
অনিয়মন-প্রবণ যৌনভোগ-লিপ্সু হ'য়ে
জীবনকে
ভাঁটাতেই চলন্ত ক'রে চলতে থাকে,
ঐ সংস্পর্শ
পরিবার ও পরিবেশের মধ্যে
ঐ বিষ ছড়িয়ে
তা'দিগকেও
ঐ জাতীয়ই ক'রে তুলতে থাকে;
অমনতর দেখলেই সামাল হ'য়ে চ'লো। ৬০।

যন্ত্রমানুষ হ'তে যেও না,
জীয়ন্ত মানুষ হও—
সুকেন্দ্রিক রাগদীপনা নিয়ে
আগ্রহ-উন্মাদনায়;

শ্রেয়ানুচর্য্যী হ'য়ে চ'লো—
যে-অনুচর্য্যার ভিতর-দিয়ে
লোকবর্দ্ধনী অনুদীপনার সহিত
তোমার বোধদ্যুতি
সার্থক সঙ্গতি নিয়ে
ব্যক্তিত্বে
শুভচরিত্রকে উদ্‌গত ক'রে তুলতে পারে—
দূরদৃষ্টির সম্যক্ বোধবীক্ষণী অনুধায়নায়;
আর, এই হ'চ্ছে
জীয়ন্ত মানুষের জীবন-প্রবাহ;
আর, যন্ত্রজীবন মানেই হ'ল
অল্প বোধি নিয়ে
যন্ত্রের মতন একঘেয়ে চলনে চলা,
যা'তে নব-নব উন্মেষ-শালিনী বোধনা
তন্দ্রাগ্রস্ত হ'য়ে থাকে;
যদি সুদীপ্ত মানব-জীবন চাও,
তবে অন্ততঃ এই চলনে চলতে থাক। ৬১।

আদর্শে শ্রদ্ধা-নিরতিহীন
সঙ্গতিহারা যা'রা যেমন,
তা'রা ততখানি প্রত্যাশালুব্ধ শ্লথ-বীর্য্য;
তা'দের বিশেষত্বই হ'চ্ছে—
একপন্থী বহুমুখী কর্ম্মগুলিকে
নিয়ন্ত্রিত ক'রে
সমাধান-সার্থকতায়
তারা কৃতকার্য্য হ'তে পারে কমই,
কারণ, কোন বিষয় বা ব্যাপারের কোন-কিছুতে
তা'রা যেই আনতিপ্রবণ হ'য়ে ওঠে,—
তা'রই সমাধানে
অন্য কর্ম্মগুলিকে

সঙ্গতিশীল তৎপরতায় বিনায়িত ক'রে
সামগ্রিক কৃতকার্য্যতা লাভ করা
তা'দের পক্ষে দুরূহই হ'য়ে ওঠে,
তা'দের মস্তিষ্কের বোধনাও
সঙ্গতিশীল হ'য়ে ওঠে না,
অর্থান্বিত হ'য়ে ওঠে না,
তাই, সেগুলিকে
সঙ্গতিশীল আয়ত্তে এনে
নির্ব্বাহ ক'রে তোলা
তা'দের পক্ষে কঠিনই হ'য়ে থাকে;
তাই, যে-বিষয়েই হো'ক না কেন,
মূলকে অবলম্বন ক'রে
যে-যে-গুলি তা'তে সংগ্রথিত হ'য়ে
একটা সামগ্রিকতার সৃষ্টি ক'রে আছে,
সেগুলিকে তেমনতর গ্রথিত ক'রে
ঐ সামগ্রিকতায় মূর্ত্ত করতে-করতে
কৃতকার্য্যতায় অধিরূঢ় হ'য়ে ওঠ,
তোমার ব্যক্তিত্বও
কৃতিদীপ্ত সামগ্রিকতায় উদ্ভিন্ন হ'য়ে
চতুর হ'য়ে উঠবে,
চৌকষ হ'য়ে উঠবে। ৬২।

তুমি শাতনী অনুচলনায়
এতই অভ্যস্ত হ'য়ে উঠেছ,
কঠিনকেই এমন সহজ ক'রে তুলেছ—
নিজেকে বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত ক'রে,—
যে-প্রীতি-উৎসারণায়
শ্রেয়শ্রদ্ধ কর্ম্মনিরত হ'য়ে চলা
তোমার পক্ষে দুষ্কর ব'লেই মনে হয়,
কারণ, তা'তে তোমাকে

সব যা' কিছুকে কুড়িয়ে
সার্থক সঙ্গতিশীল বিন্যাসে এনে
স্বস্তি-বিধায়নী উৎসর্জ্জনায়
তাঁ'তে নিয়োজিত করতে হয়;
তাঁকে আপ্রাণ আবেগে ধর,
আর, যা'-কিছুকে
ত'দনুচর্য্যী ক'রে বিনায়িত কর—
অনুকূল উৎসারণায়
ও প্রতিকূল-বর্জ্জনায় প্রখর হ'য়ে,
দেখবে, বিচ্ছিন্ন যা',
বিকীর্ণ যা',
সুসংস্থ হ'য়ে
সুবিনায়নী তৎপরতায়
তোমাকে প্রদীপ্ত ক'রে তুলছে—
অভ্যাসের তপ-তাপদীপনায়
ব্যক্তিত্বকে শুভচর্য্যী
চারিত্রিক দ্যুতিসম্পন্ন ক'রে,
স্বস্তি
প্রসাদ-পরিতৃপ্ত হ'য়ে
তোমাকে আশীর্ব্বাদ করবে । ৬৩ ।

উর্জ্জী-সম্বেগী শ্রদ্ধা,
কৃতিচলনশীল উদ্যম, ক্রমাগতি
ও প্রত্যুৎপন্নমতিত্ব নিয়ে
যে নিজ-ব্যক্তিত্বকে
বিনায়িত ক'রে রাখে না,
সে-ব্যক্তিত্বের খরগতিসম্পন্ন হ'য়ে ওঠা
কমই দেখতে পাওয়া যায়,
আর, প্রয়োজনের পূর্ব্বে প্রস্তুতি,
চতুর অর্থাৎ সব দিক্-দিয়ে সঙ্গতি নিয়ে

যে সাম্যগতি
তা'রও ব্যতিক্রম দেখতে পাওয়া যায়,
তাই, তা'রা প্রায়শঃই
বীর্য্যদীপনায় অধিষ্ঠিত থাকতে পারে না;
আবার, আসুরিক অনুচলন যা'দের
তা'দের প্রকৃতিগত বৈষম্যের সহিত
অমনতর অনুচলনের রকম থাকলেও
তা'রা লোকপীড়কই হ'য়ে ওঠে,
বৈশিষ্ট্যপালী আপূরয়মাণ অনুচলনের
উদ্দীপ্ত প্রতিভা
তা'দের কমই দেখতে পাওয়া যায়;
তাই, ঊর্জ্জী সম্বেগশালী সশ্রদ্ধ অনুরাগ নিয়ে
চলতে থাক—
নিষ্ঠাকে অটুট উচ্ছল ক'রে,
কৃতিচলন নিয়ে,
—তোমার জীবন লোকস্বার্থী হ'য়ে উঠুক। ৬৪।

ব্যক্তিত্বে যে যত হীন,
চলনচরিত্রও তা'র তেমনি বিনয়হারা, অশিষ্ট,
অহঙ্কারও তা'র তেমনি তীব্র,
আবার, ভিতর-বুঁদেও হয় সে
তত বেশী। ৬৫।

মমত্ব যা'র বিস্তীর্ণ—
অহংও তা'র প্রসারণসম্বেগী। ৬৬।

ইষ্টম্ভরি হও,
আত্মম্ভরি হ'তে যেও না—
ঠকবে,
দিলেও পাবে না কিছু। ৬৭।

তুমি তোমাকে জ্ঞানী ভেবে
গর্ব্বিত থেকো না,
দেখ, শোন, জান,
আর, অবাক্‌মুগ্ধ হ'য়ে অনুভব কর—
উপভোগ কর ।৬৮।

বিদ্রূপাত্মক তুচ্ছকর দাম্ভিক
বাক্ ও ব্যবহার
মানুষকে ছোটই ক'রে থাকে,
আরো ডেকে আনে তা'র ব্যক্তিত্বের প্রতি
তাচ্ছিল্যকর দৃষ্টিপাত ।৬৯।

যা'দের পৌরুষ
উদ্যম-অভিনিবেশী পূরণপ্রবণ নয়,
বিনয়াবনত নয়,
অভিমান-ধূক্ষিত,—
তা'রা সাধারণতঃ
সৌজন্যহারা অবিবেকীই হ'য়ে থাকে ।৭০।

তোমার চারিত্রিক ঐশ্বর্য্য কিন্তু
ইষ্টীপূত সৌম্য
শৌর্য্য-বীর্য্য-সমন্বিত
বিনয়ী, সুযুক্ত, সঙ্গতিশীল অনুচলনে,
যা' স্বভাবতঃ লোক-অন্তরে,
প্রীতি-দীপনারই সৃষ্টি করে—
উদ্ধত অশিষ্ট বাগাড়ম্বর
বা বিতণ্ডায় নয়কো ।৭১।

যদি শ্রদ্ধা ও স্নেহের
অধিকারী হ'তে চাও,
অভিমানশূন্য বিনীত হও—
তা' যতই ছোট বা বড় হও না কেন;

আর, প্রভুত্বের গৌরব নিয়ে
শাস্তা হ'তে যাবে যতই,—
সংঘাতকেও আমন্ত্রণ ক'রতে থাকবে
ততই কিন্তু । ৭২ ।

যে তা'র সামনে
অন্য কা'রও প্রশংসায় উৎফুল্ল না হ'য়ে
নিজেকে অপমানিত বিবেচনা করে—
স্বার্থসঙ্কুল ক্রুর হীনম্মন্যতা
তা'র অন্তরে বসবাস ক'রেই থাকে । ৭৩ ।

যা'রাই কা'রও নিদেশ, অনুরোধ
বা অনুজ্ঞা শুনলেই
নিজের আত্মমর্য্যাদার খাঁকতি মনে করে,
পরিপালনে বিরক্ত হয়,—
তা'রা সঙ্কীর্ণ আত্মম্ভরি,
বংশগতিও সঙ্কীর্ণ হ'য়ে থাকে প্রায়শঃ তা'দের । ৭৪ ।

তোমাদের মধ্যে যে শ্রেষ্ঠ—
সে তোমাদের সবারই সেবক,
এটা অতি নিশ্চয়,
যে নিজেকে
বড় ব'লে জাহির করতে চায়—
সে খাটোই হ'য়ে থাকে,
আর, যে নিজেকে দীন ব'লেই জানে,
অথচ কৃতি-অনুচর্য্যা নিয়ে চলে,—
সে বড়ই হ'য়ে ওঠে । ৭৫ ।

অশুভ সঙ্কল্প সিদ্ধ করার
প্রয়াস যা'দের নাছোড়বান্দা—
কা'রও শুভ-সন্দীপী কিছু করতে

যা'রা শ্লথ-সম্বেগী,—
তা'রা হীনম্মন্য তো বটেই,
অপকর্ষী-প্রকৃতিসম্পন্ন । ৭৬ ।

অহঙ্কারী আত্মম্ভরি যা'রা—
বেয়াদবী চালচলন নিয়ে
পরাক্রম অনুভব করে,—
তা'রা প্রায়ই অকৃতজ্ঞ হ'য়ে থাকে,
অনিষ্টপ্রয়াসী হ'য়ে থাকে,
মিথ্যাচার-পরায়ণও হ'য়ে থাকে,
দোদলবান্ধা-গিরির ভিতর-দিয়েই
তা'রা গর্ব্ব অনুভব ক'রে থাকে । ৭৭ ।

যা'রা নিজের বৃত্তির শেখানো কথায়
বা লোকমুখে-শোনা
বৃত্তিমাফিক শেখা-কথায়
আস্থাপ্রবণ—
দাম্ভিকতা নিয়ে,—
তা'রা বাস্তব শুভ-সম্বর্দ্ধনী শিক্ষা নেওয়ার
ধার ধারে কমই,
তা'দের মিথ্যা-প্রলুব্ধতা
সত্যনিষ্ঠার দম্ভ নিয়েই চ'লে থাকে সাধারণতঃ । ৭৮ ।

যা'র বিনীত সৌজন্যে
অসৎ কোন-কিছুকে সমর্থন করে,
প্রশ্রয় দেয় বা উস্‌কিয়ে তোলে—
কুশল-তৎপরতায় প্রতিবাদ বা প্রতিবিধান না ক'রে,—
তা'রা নিজেরাও অসৎ;—
কারণ, অসৎকে তা দিয়ে
বহু রকমই বাড়িয়ে তোলে তা'রা । ৭৯ ।

মন্দিরে যাও, আর, মঠেই যাও,
বা সভাসমিতি, পূজা-উৎসবাদিতেই যাও,
সাধারণের চাইতে
যেই একটু এগিয়ে যাচ্ছ—
কোন ডাকের প্রয়োজন ছাড়া,
তখনই বুঝে নিও—
অভিমানী আত্মমর্য্যাদার প্রতিষ্ঠা-প্রয়াসী হ'য়ে
তুমি তা' ক'রছ । ৮০ ।

আপ্যায়নী অনুচর্য্যা
যা'দের সহজস্ফূর্ত্ত নয়,
তিরস্কার যা'দের
হৃদ্য প্রীতি-অভিষিক্ত নয়,—
দাম্ভিক ঔদ্ধত্যই সেখানে বসবাস করে;
আর, তা'দের যা'রা মেনে চলে
মৌতাতী চলন নিয়ে,
খাতির-মৌরত সেখানেই যা'দের
ওই-ই পরিচয় তা'দের
কেমন তা'রা । ৮১ ।

বেকুব যা'রা
তারাই দুষ্টবুদ্ধিসম্পন্ন,
আত্মম্ভরি দাম্ভিক আত্মগৌরকেই
তা'রা গৌরব ব'লে মনে করে,
আর, চতুর যা'রা
তা'রা সাত্বত বুদ্ধিসম্পন্ন,
লোকের দরদী,
অনুকম্পাশীল
ও প্রীতিপূর্ণ আপ্যায়নী অনুচর্য্যাপরায়ণই
হ'য়ে থাকে স্বভাবতঃ । ৮২ ।

সরল হও কিন্তু বেকুব হ'য়ো না,
তা'র মানেই হ'চ্ছে—
বল, কর,—
অনুচর্য্যা-নিরতি নিয়ে,
তা' এমনভাবে—
যা'তে অন্যেরও ভাল হয়,
তুমি ক্ষতিগ্রস্ত না হও—
কোন দিক্ দিয়ে, কোন রকমে,
—এমনতর তীক্ষ্ম সন্ধিৎসু
সতর্ক অনুচলনী অনুনয়নে;
তাই, বেকুব-সরল হ'তে যেও না । ৮৩ ।

যা'রা ঠাকুর-দেবতা নিয়ে থাকে
বা তাঁ'দের সঙ্গ করে,
অথচ চরিত্র ও বোধে
এক-কথায়, বোধ, আচার ও ব্যবহারে
সার্থক সঙ্গতিশীল রংই ধরে না,
সে-থাকা বা সঙ্গ করা প্রায়শঃই
ভাবালু, ভক্তবিটেল, আত্মম্ভরি, স্বার্থ-সন্ধিক্ষু;
ফলকথা, নিষ্ঠা ও সক্রিয় শ্রদ্ধার
কিছুই নেইকো সেখানে—
লাগোয়া তৎপরতার অভাব একান্তই । ৮৪ ।

কা'রও কাছ থেকে
কেউ কিছু নিতে সঙ্কুচিত হয় তখনই,
অহংগর্ব্বিত ব্যসন-মণ্ডিত হ'য়ে
স্বতঃ-উৎসারিণী দেওয়া
অনুভাবিতা, অনুচর্য্যা-নিরতি,
আনুকূল্যে অনুরাগ
ও প্রতিকূল-বর্জ্জনা
দৈন্যগ্রস্ত হ'য়ে ওঠে যখন,

আর, অন্যের খোঁটার ভয়
যখন তা'কে ত্রস্ত ক'রে তোলে । ৮৫ ।

বড় লোক অর্থাৎ মহৎ লোক তাঁরাই
যাঁদের প্রচেষ্টা ও অনুধ্যায়িতা
অনুন্নত যা'রা
তা'দিগকে নিজের মত ক'রে তুলতে চায়
উন্নত ক'রে তুলতে চায়—
বৈধী অনুশাসন-নিয়মনায়,
আর, তা'তেই তাঁরা প্রযত্নশীল—
শ্রেয়ের প্রতি শ্রদ্ধা-অনুচর্য্যা অটুট রেখে;
আর, যা'রা দাম্ভিক—
তা'রা অল্পবুদ্ধিদিগকে
ব্যতিক্রম ও ব্যভিচারী চলনে
প্ররোচিত করে,
তা'দের ব্যক্তিত্ব
পাপ-মৃষ্টই দেখতে পাওয়া যায় প্রায়শঃ । ৮৬।

অকৃতী জাত্যভিমানের দাম্ভিকতা নিয়ে
যা'রা অপকৃষ্টদের তাচ্ছিল্য বা ঘৃণা করে—
আত্মবৈশিষ্ট্য-অনুচর্য্যাহারা হ'য়ে—
তা'রা অন্যের বৈশিষ্ট্যকে
শ্রদ্ধা করতে তো জানেই না,
বরং নিজের হীনত্বের প্রতিক্রিয়ায়
অন্যের প্রতি অভিঘাত সঞ্চারিত ক'রে
তা'দিগকে অপকর্ষ-পরামৃষ্ট ক'রে রাখতে চায়,
এমনতর যা'রা
তা'রা যে-ই হো'ক
আর যা'ই হো'ক না কেন
আত্মমর্য্যাদাকেই অভিঘাত ক'রে থাকে;
তাই, নিজের বৈশিষ্ট্যকে

সমীচীন পরিপালনায়
পরিপুষ্ট ক'রে তোল,
অন্যের বৈশিষ্ট্যতেও শ্রদ্ধাবান্ হ'য়ে
তা'র উৎকর্ষী-অনুচর্য্যাপরায়ণ হ'য়ে ওঠ;
ইতরপনা
ইতরামিকেই আবাহন ক'রে থাকে । ৮৭ ।

যা'রা হীনম্মন্য, দাম্ভিক, দোষদর্শী,
আপ্যায়নহারা,
অনুচর্য্যাহারা,
তা'দের সহিত যেমনতরই সংশ্রবান্বিত হও না কেন,
সক্রিয় আত্মীয়তার সুসংস্থ হওয়া
অত্যন্ত দুরূহ—
তা' যতই যা' কর না কেন,
তা'রা সুনিষ্ঠ শ্রদ্ধারঙ্গিল হ'য়ে
চলতেই পারে না,
বরং আত্মীয়তা থাকলেও
বিশ্বাসঘাতকতায় বিপর্য্যস্ত করতে
কুণ্ঠিত হয় কমই । ৮৮ ।

আত্মশ্লাঘা ও অভিমান-নিষিক্ত অহং যা'দের,
তা'দের কথা বা কাজের উপর
কেউ যদি কিছু বলে
বা কিছু করে
বা অভিমত প্রকাশ করে,
আর, তা তা'দের সমর্থনী না হ'য়ে
ব্যতিক্রমী হয়,—
তা'দের ব্যক্তিত্বের বিবেকধৃতি
তখনই ভেঙ্গে যায়,
তা'রা তখনই
তা'র কথার বিপরীত কথা সমর্থন ক'রবে

বা তা'র বিরুদ্ধাচরণ করবে—
তা' বাক্যেই হো'ক
আর ব্যবহারেই হো'ক ।৮৯।

ইষ্টনিষ্ঠ হও,
তোমার চালচলনকে
শুভনিষ্ঠ ক'রে তোল,
লোকচর্য্যী হ'য়ে ওঠ,
স্বার্থপর দাম্ভিক অহঙ্কারকে ত্যাগ কর,
আর, জীবনের সমস্ত যা'-কিছুকে
ঐ ইষ্টার্থ-বিনায়নে বিনায়িত কর,
এমনি ক'রে নিজে অর্থান্বিত হ'য়ে ওঠ—
শুভ-সঙ্গতিতে,
কৃতিতৎপর ত্বারিত্য নিয়ে;
তোমার ভাগ্যলেখা
ভজন-প্রেরণায়
উৎকর্ষ-চলনে চলতে থাকুক,
দেবতা স্মিত বদনে
মমতাদীপ্ত চক্ষু নিয়ে
তোমাকে অবলোকন করতে থাকুন,
তুমি ধন্য হ'য়ে ওঠ ।৯০।

মর্য্যাদাকেও উপভোগ কর,
কিন্তু মর্য্যাদার অহঙ্কারে
স্ফীত হ'তে যেও না,
স্ফীত হও—
কৃতি-সন্দীপনায়,
কৃতিযাগের সুষ্ঠু নিবিষ্ট যাগে,
যা' প্রত্যেকের হৃদয়কে স্পর্শ করে—
এমনতর ক'রে;

আর ঐ হ'চ্ছে—
নিজের ব্যক্তিত্বকে অর্থান্বিত ক'রে
উৎসব-উদ্বর্দ্ধনায়
নিবিষ্ট করবার বিহিত তুক;
ক'রে দেখ,
তোমার কৃতার্থতাই
সার্থক সম্বেদনায়
তোমার ব্যক্তিত্বকে
অর্থান্বিত ক'রে তুলবে—
বিশ্বকর্ম্মার আশিস্-সন্দীপনী অনুকম্পায় । ৯১ ।

সৎ-আচার্য্য-বিহীন
অর্থাৎ সৎ-আচার্য্যে
সক্রিয় নিষ্ঠাবিহীন যা'রা
এক-কথায়, অযুক্ত যা'রা—
তা'রা উপযুক্ত সন্ধিৎসু ও বোধনার অভাবে
নিজের ভালমন্দ বুঝতে পারে না,
অন্যের বেলায় তো কথাই নেই,
তাই, তা'রা
নিজেকে সংস্কৃত ক'রে তুলতে তো পারেই না—
সার্থক সঙ্গত বিন্যাসে,
বরং তা'দের আত্ম-সংস্কার-বুদ্ধি
প্রায়শঃই ভালর ছদ্মবেশে
কু-এর সাংঘাতিক রূপকেই
আবাহন ক'রে থাকে,
আর, লোকের ভিতর
চারিয়েও দিতে চায় তা'ই—
আত্মপ্রতিষ্ঠার দাম্ভিক গৌরব-লোলুপতায়,
তা'রা
ভালমন্দের জঙ্গলা জঞ্জাল থেকে

ভালকে বেছে নিয়ে চিনে
জীবনে প্রয়োগ করতে
একটা অনাসৃষ্টিরই আমদানি ক'রে থাকে,
খুব সাবধানে থেকো তা'দের থেকে;
স্মরণ রেখো—
''মহাজনো যেন গতঃ স পন্থাঃ''
মোক্তাভাবে তাই-ই ভাল,
আর, মহাজন মানেই হ'চ্ছে—
যিনি নিজে মহৎ
ও মানুষের মহত্ত্বকে যিনি
গজিয়ে তুলতে পারেন,
বড় তকমা দেখেই ঘাবড়ে যেও না,
বুঝে-সুঝে যা' ভাল হয়
তা'ই ক'রো । ৯২ ।

ব্যভিচারদুষ্ট হ'তে যেও না—
এমন-কি, অন্তরেও না । ৯৩ ।

সে-ঔদার্য্য ভাল নয়—
যা' ব্যষ্টিগত সম্বৃদ্ধিকে
খোঁড়া ক'রে তোলে,
ব্যভিচারদুষ্ট ক'রে
নিষ্পন্দ ক'রে তোলে । ৯৪ ।

নিদেশ বা অনুশাসন যা'র অন্তরে
যেমনতর প্রীতিপ্রসন্ন হ'য়ে ওঠে—
অনুশীলন-তৎপরতায়,—
সে তেমনতর সহজ ও স্বাভাবিক হ'য়ে থাকে,
অভ্যাস ও ব্যবস্থ চলন
শুভ ও সৌন্দর্যমণ্ডিত হয় তেমনি,
তা'র কৃতিচলনও তেমনি
সম্বেগ-সন্দীপ্ত আগ্রহ-উচ্ছল হ'য়ে ওঠে । ৯৫ ।

অনুশাসনের ছদ্মবেশে
যা'রা অপকর্ম্ম ক'রে থাকে,
অশুভের অত্যাচারই
তা'দের উপঢৌকন। ৯৬।

যে প্রিয়পরমে সঙ্গতিশীল নয়কো,
সে তাঁ'র বিরুদ্ধে । ৯৭ ।

প্রিয় ও প্রীতিতে
যা'রা অভিঘাত সৃষ্টি করে,
তা'রা কিন্তু আস্থার গণ্ডীর বাইরে। ৯৮।

যে যত সহজ-দুল্য,
বিশ্বাস্যতাও সেখানে তত সন্দেহের । ৯৯ ।

চাটুকারেরা কমই অকপট হয়,
বিশ্বাসীও হ'তে দেখা যায় ক্বচিৎ,
আর, তা'দের আত্মোৎসর্গও বিরল । ১০০ ।

যা'র কথা আর কাজে মিল নাই,
এমনতর মানুষের কাজ দেখে
তবে বিশ্বাস ক'রো । ১০১।

কে কী বলে—
সে কেমন তা'র সাক্ষী নয়কো;
তা'র বলায়-করায়
কেমনতর মিতালী আছে—
সেটাই তা'র সাক্ষী—
সে কেমন । ১০২ ।

তোমার জীবন-চলনার যা'-কিছুকে
মায় আচার-ব্যবহার কৃতিচলন শুদ্ধ—
সবগুলিই আত্মবশে রেখো—

সুষ্ঠু, সমীচীন সম্ভাব্যতায়,
পারিবেশিক অনুচর্য্যা-নিরতি নিয়ে,
—তা'তেই কিন্তু সুখ;
যতই পরবশ হবে,
দুঃখও সেখানে তেমনি । ১০৩ ।

যা'রা যে যা' বলে
তা'তেই ঢ'লে পড়ে
আকৃষ্ট হ'য়ে,
বাস্তবতাকে
সঙ্গতিশীল তৎপরতায় মিলিয়ে
তা'র অর্থে উপনীত হ'য়ে
শুভাশুভকে নিরূপণ করতে পারে না,
বা সৎ-নিষ্ঠাহারা বিকেন্দ্রিক চলনে চলে,—
তা'রা অব্যবস্থিতচিত্ত হয়ই,
আর, আপদ্‌ও তা'দের পিছু নিতে
কসুর করে কমই । ১০৪ ।

সবার কাছেই ব'সো,
আনন্দ ক'রো সবার সাথেই,
আর, যে যা' বলে
তা' যতখানি মেলে
তোমার শ্রেষ্ঠ বা প্রিয়পরমের
নিদেশ-অনুচলনের সাথে,—
সেইটুকুই নাও;
অতি অকিঞ্চিৎকর ব'লে যা'কে মনে করছ,
সে যদি কৃতি-নিপুণ ইষ্ট-সুনিষ্ঠ হয়,
তা'র কথাও
সশ্রদ্ধ তৎপরতায় শ্রবণ কর,
আর, যে যতটুকু তাঁর নিদেশ-নিয়ন্ত্রিত
তা'কে গ্রহণও ক'রো তেমনি;

যে তাঁ'তে যতখানি,
সেও তোমার ততখানি কিন্তু । ১০৫ ।

যা'রা তোমাকে আজ সুখ্যাতি করল
একজনের কাছে,
আবার, অন্যের কাছে যেয়ে
তোমার অখ্যাতি করল,—
তা'র মানে তা'রা সুবিধাবাদী,
যখন যেমন করলে
তা'দের প্রয়োজন পূরণ হ'য়ে থাকে—
তা'ই তা'রা করে । ১০৬ ।

প্রীতি যা'দের পেশা—
তা'দের উপর আস্থা রেখো না,
সেবা দিও,
হৃদয় দিও না,
দিলে ঠ'কবে কিন্তু । ১০৭ ।

প্রীতির উচ্ছল অবদানে
যেখানে
হিংসা, পীড়ন ও স্বার্থসম্বোধী উপশ্রয়
হাত বাড়িয়ে আসে,—
বুঝে নিও—
সেখানকার সাত্বত প্রকৃতিই হ'চ্ছে
অশিষ্ট পাশবিক-তাৎপর্য্যসমন্বিত,
সাবধানী প্রস্তুতি
যেন তোমাকে উপেক্ষা না করে । ১০৮ ।

যা'রা প্রীতির সুযোগ নিয়ে
ধাপ্পাবাজী তৎপরতায়
তথাকথিত প্রিয়কে ঠকিয়ে
স্বার্থসিদ্ধি ক'রে থাকে,

তা'রা অত্যন্ত হীন, বিশ্বাসঘাতক,
ঘৃণ্য তো বটেই—
অসংশোধনীয় প্রায়,
প্রীতির দীর্ঘ-নিঃশ্বাসের অভিশাপ-অগ্নি
তা'দের ভাগ্যদেবতাকে
দ্বন্দ্ব-পঙ্গু ক'রে ফেলেছে । ১০৯ ।

ধাপ্পাবাজ হ'তে যেও না,
ধাপ্পাবাজি মানেই—
তোমার পারগতাকে অবসন্ন ক'রে
ধাউড়ামির সাহায্যে
তোমার চাহিদাকে নিষ্পন্ন ক'রে তোলা,
যা'র ফলে, পারগতার
যোগ্যতা হ'তে বঞ্চিত হবে,
অপমান ও অভাব-অনটনে
আত্ম-নিমজ্জন করতে বাধ্য হবে,
নিন্দনীয় হ'য়ে উঠবে তুমি
তোমার কাছে ও সবার কাছে । ১১০ ।

যা'রা ধাপ্পাবাজি বা প্রবঞ্চনায়
হাতেকলমে অভ্যস্ত,—
সন্দেহ ক'রো তা'দের,
তা'দের অন্তরবিনায়নও
অমনতর সঙ্গতিসম্পন্ন,
এমন-কি, অসৎ-নিরোধী তৎপরতার বেলায়ও,
স্বার্থ-সন্ধিক্ষুতা নিয়ে
ঐ অমনতরই ক'রে থাকে তা'রা;
কাজে-কর্ম্মে অমনতর দেখলেই
যেমনতর সতর্ক চক্ষু ও প্রস্তুতি নিয়ে চলতে হয়,
তেমনতর চলাই শ্রেয় । ১১১ ।

মিথ্যা বা ধাপ্পাবাজির অনুচর্য্যায়
যে-অর্জ্জন
বা শৈথিল্যের দীর্ঘসূত্রী চলনের ভিতর
যে ফাঁক বা ফাঁকি
বিদ্যমান থাকে,—
তা'র দ্বারা
নানা রকমের কেরামতি ক'রে
তুমি হয়তো কিছুদূর চলতে পার,
কিন্তু এমনতর ফাঁকিবাজির উপর
যদি তুমি দাঁড়াও—
তা' তোমার জীবনের স্থৈর্য্যদীপনাকে
তছনছ ক'রে দিতে পারে কিন্তু;
মনে রেখো—
দুনিয়াটা মানুষ-শূন্য নয়,
তাই, ঐ ফাঁক বা ফাঁকির দ্বারা বিধ্বস্ত যে—
যখনই তা'র অভ্যুত্থান হ'য়ে উঠবে,
সে তোমাকে নিংড়ে
ঐ অর্জ্জন বা আয়ের যা'-কিছুকে
শোষণ করতে ক্রটি করবে না;
কথায় বলে—
'দশদিন চোরের,
একদিন সাধুর',
ঐ একদিনই
মিথ্যা বা ফাঁকিবাজির উত্থান-সৌধকে
চুরমার ক'রে দিতে পারে;
তাই, তুমি যদি শুভই চাও,
সম্বর্দ্ধনাই চাও,
লোকের শুভ-সম্বর্দ্ধনী অনুচর্য্যার ভিতর-দিয়ে
আত্মপোষণী যা'কিছু পাও,
প্রসাদ-স্বরূপ তা'ই নিয়ে,

যিনি বর্দ্ধনার পথ,
তাঁকেই ধন্যবাদ দিয়ে কৃতার্থ হও—
সুখী হবে । ১১২ ।

কা'রও প্রতি শ্রদ্ধাশীল তৎপরতায়
তা'র চাহিদা বা পছন্দ-অনুযায়ী—
কী বর্জ্জন বা ত্যাগ করেছ—
সুখতর্পিত অন্তঃকরণে,—
তা'ই হ'চ্ছে তুমি তা'র প্রতি
কতখানি শ্রদ্ধান্বিত,
তুমি তা'র কতখানি
তা'রই বাস্তব পরিচয়,
ঐ ত্যাগ বা বর্জ্জনই ব'লে দেয়—
তা'র প্রতি তোমার অনুরাগ
কতখানি সক্রিয় শুভাকাঙ্ক্ষী;
অতটুকুও যদি না থাকে,
তোমার প্রীতি বা শ্রদ্ধা যে সেখানে নাই—
তা' অতি নিশ্চয়,
আর, জোর-জবরদস্তি ক'রে
যদি করও—
কিছুদিন পরে যে করবে না,
তা'ও ঠিক,
আর, তোমার আভিজাত্য বা বংশগতিতে
আস্থার অস্তিত্ব যে কতখানি আছে—
তা'ও নির্ণীত হয় ওতেই;
কে কেমন নির্ভরযোগ্য—
এসব দেখে যদি ঠিক কর,
খুব বেশী যে ঠকতে হবে—
তা' নয়কো । ১১৩ ।

মানুষ যখন
তা'র সব যা'-কিছু দিয়েই
প্রিয়ের সেবা ক'রে কৃতার্থ হবার
চিরন্তন আগ্রহ নিয়ে চলে—
বিশ্বাস কিন্তু সেখানে । ১১৪ ।

হো'ক না-হো'ক ব্যাপারেই
যা'রা মচকে যায়,
তা'দের প্রীতিসম্বেগ দোদুল্যমান,
বিকেন্দ্রিক,
নির্ভরযোগ্য তা'রা মোটেই নয়। ১১৫।

শ্রেয় হ'তে যে বা যা'রা
যে-প্রলোভনেই হো'ক
চ্যুত হ'য়ে থাকে,—
তা'দের উপর নির্ভর ক'রো না,
প্রবৃত্তির প্রলোভনে
সে কখন তোমা হ'তে বিচ্যুত হ'য়ে ওঠে—
কতখানি দায়িত্বকে অবহেলা ক'রে—
তা'র কিন্তু ঠিক নেইকো;
তাই সাবধান ! ১১৬।

যা'র রিশবৎ খাওয়া অভ্যাস আছে,
তা'র কোন কাজের সুরাহা ও দক্ষ ত্বারিত্যে
আস্থা রেখো না—
ঠ'কবে,
কার্য্য পণ্ড হবে;
আর, এটা প্রায়শঃ হ'য়ে থাকে । ১১৭ ।

পরাক্রম থেকেও
যা'রা সন্ধিৎসাহারা,
স্বতঃ-সতর্ক নয়কো—

সক্রিয়ভাবে,—
তা'রা কা'রও জীবনের
সুদৃঢ় বেষ্টনী নয়কো,
তা'দের আওতায় থাকা
নিঃসন্দেহের নয় কিন্তু । ১১৮ ।

ইঙ্গিত-বোধ বা আন্দাজ তা'র তত কম,—
কে বা কিসে কখন
কেমন ক'রে
বা কিসে কী হয়—
তৎসম্বন্ধে বহুদর্শিতা
ও সন্ধিৎসু দৃষ্টি
যা'র যত স্বল্প । ১১৯ ।

তুমি যদি ইঙ্গিতকে
শুধু বিকৃত ক'রেই বোঝো—
বোধবিকৃতিও তোমাতে
কিছু-না-কিছু সক্রিয়ই আছে,
আবার, কৃতি-তাৎপর্য্যও
তদনুপাতিক ব্যত্যয়ধর্ম্মী হ'য়ে চলেছে—
ইঙ্গিত বা ইসারা থেকে
অতদূর পর্য্যন্ত
ঐ ব্যতিক্রম অল্পবিস্তর স্থান ক'রেই আছে;
যখন থেকে ধরা পড়ে
তখন থেকেই সাবধান হও,
বিকৃতি যেন তোমাকে
বিপর্য্যস্ত করতে না পারে,
শুধরে নাও—
নিষ্ঠানিপুণ ধী-অনুরঞ্জনায়
করও তদনুপাতিক,
সার্থক হ'য়ে উঠবে । ১২০।

তুমি শুনছ,
কেবল শুনেই যাচ্ছ—
কিন্তু কান তা' গ্রাহ্য করে না,
কত দেখছ, দেখেই চলছ—
চোখ সেগুলিকে দেখেও দেখে না,
কারণ, তোমার হৃদয়ই ভোঁতা,
জড়প্রকৃতিসম্পন্ন
অনুশীলন-সম্বেগহীন । ১২১ ।

আবার বলি—
তোমার সমস্ত ইন্দ্রিয়গুলিকে
তীক্ষ্ম সজাগ ক'রে রেখো,
যে-কোন ইঙ্গিত, ইসারা বা সঙ্কেতই পাও না কেন,
যথাসম্ভব নিখুঁতভাবে
আন্দাজ বা অনুমান ক'রে বুঝতে চেষ্টা কর,
ঐ আন্দাজ মতন
নিজেকে নিয়ন্ত্রিত করতে সচেষ্ট থেকো—
উপযুক্ত ত্বারিত্যে;
—জঞ্জাল এড়াতে পারবে অনেক । ১২২ ।

না-পারার কৈফিয়ত যা'র যেমনতর,—
অন্তঃস্থ স্বার্থ-সঙ্কীর্ণতায়ও
সে তেমনি বাঁধনবদ্ধ, অবসন্ন । ১২৩ ।

আদশহীন, নির্ব্বোধ
ও অলস-প্রকৃতিসম্পন্ন যা'রা
অসম্ভাব্যতার খতিয়ানই হ'চ্ছে—
তা'দের জীবন-দর্শন । ১২৪ ।

নিরাশী সাধু প্রচেষ্টা—
যা'তে মানুষের শুভ

সম্বৃদ্ধ হ'য়ে ওঠে—
তা'ই কিন্তু সহজ ও কুশল চাতুর্য্য । ১২৫ ।

চতুর তা'রাই—
যে-কোন ব্যাপার বা বিষয়ের
চার আল দেখে
নিজের গন্তব্য স্থির করে যা'রা—
শ্রেয়-বিনায়িত ক'রে,
অসৎ-নিরোধী তৎপরতায় । ১২৬ ।

তোমার চিন্তা, চর্য্যা, চলন
যা'-কিছু সব
কল্যাণপ্রসূ হ'য়ে উঠুক,
কল্যাণপ্রেরণায়
কপিধ্বজ হ'য়ে ওঠ তুমি,
সার্থক সঙ্গতিশীল ধৃতিচলন
প্রতিপ্রত্যেকের ভিতর উৎসারিত হ'য়ে উঠুক—
স্থৈর্য্যশীল উদাত্ত উচ্ছলতায়;
অমনি ক'রেই জীবন তোমার
সার্থক হ'য়ে উঠুক—
তোমার পরিবেশের প্রত্যেকের
অন্তঃস্থল উচ্ছলিত ক'রে—
দায়িত্বশীল সক্রিয়তায়,
অনুকম্পী অসৎনিরোধী তৎপরতা নিয়ে । ১২৭ ।

চতুর হও,
যা'র ফয়দা নেই
এমনতর বেকুব চাতুর্য্যে
বাহাদুরি নিতে যেও না,
বরং তা'
অসৎ-নিরোধে নিয়োগ ক'রে
শুভে কৃতার্থ ক'রে তোল । ১২৮ ।

চতুর হও,
কুশলকৌশলী হও—
দক্ষ নিষ্পাদনী আগ্রহশীল হ'য়ে
শ্রেয়নিষ্ঠ তৎপরতায়—
তা'
সব-দিক্-দিয়ে,
সব ব্যাপারে,
বিহিত রকমে;
অসৎ হ'তে যেও না,
কিন্তু অসৎ যা'-কিছুকে
সমীচীনভাবে বুঝে
সতর্ক চলনে চলতে
সিদ্ধকাম হও—
সম্যক্ খেলোয়াড়ী অনুচলনে,
কৃতিচলনে
বেকুব গাম্ভীর্য্যকে এড়িয়ে । ১২৯ ।

যিনি দেশকাল ও পাত্রের অবস্থানুযায়ী
ইষ্টানুগ অনুনয়নে
ভালমন্দ ন্যায়-অন্যায়ের
সমীচীন পরিপ্রেক্ষায়
সক্রিয় তৎপর অনুচলনে
শুভ-নিষ্পন্নতায়
সুদক্ষভাবে
নিজেকে সার্থক সঙ্গতিসম্পন্ন
অন্বিত উপচয়ী ক'রে
কৃতবিদ্য কৃতার্থতায়
আগ্রহ-সন্দীপ্ত পরাক্রমে
প্রীতি-দীপনায়
ইষ্টার্থকে সার্থক ক'রে তুলতে পারেন যতখানি,—

তিনি চতুরও তেমনি;
—'যা লোকদ্বয়সাধিনী তনুভৃতাং সা চাতুরী' । ১৩০ ।

প্রাচীনের সার্থক সঙ্গতিকে
বজায় রেখে
দেশ-কাল-পাত্র ভেদে
অন্যায্য ব্যতিক্রমদুষ্ট না হ'য়ে
যা'র বিবেকপ্রবুদ্ধ চৌকস দৃষ্টি যেমনতর—
সৎ ও অসতের বিহিত বোধ নিয়ে,—
সে চতুরও তেমনতর;
আর, সৎ-অসৎ-এর
শুভ-সুন্দর ব্যবস্থিতির ভিতর-দিয়ে
চৌকস চলন যা'র যেমনতর—
বাস্তব অনুচলনে,
বাস্তব দৃষ্টি নিয়ে,—
ধীমান্‌ও সে তেমনতর,
আর, বিদ্যাবত্তাও তেমনি সেখানে,
আবার, বিদ্যমানতাও তা'র তেমনি
চৌকস ও দীপ্ত;
কিন্তু ব্যত্যয়ী বিভ্রান্ত যে—
তা'র অন্ধতমে গতি নিরোধ ক'রবে কে? । ১৩১ ।

কী ব্যাপারে কোন্‌ জিনিষ
কোথায় রাখলে
কতখানি সুবিধা হ'তে পারে
বা আপদ্‌ এড়ানো যেতে পারে,
আর, শোভনই বা কতটুকু তা'—
বুঝেসুঝে তেমনতর
অবস্থানুগ ব্যবস্থ চলনই হ'চ্ছে
সুব্যবস্থের একটা সমীচীন লক্ষণ । ১৩২ ।

তা'দের থেকে ভয়ের বেশী কিছু নেই—
যা'রা শরীরকে হত্যা করতে পারে,
বরং তা'রাই আতঙ্কের—
যা'রা শরীর ও সত্তার সর্ব্বনাশ ক'রে থাকে । ১৩৩ ।

ঠ'কো না,
ঠকায় সাধুত্ব নেইকো—
আছে অজ্ঞতা,
আর, অজ্ঞতাই অপলাপের জননী । ১৩৪ ।

সতর্ক থেকো,
কুৎসিতচরিত্র মন্দিরের আশেপাশেই
ঘোরাফেরা করে কিন্তু
ছদ্মবেশে—
লোক ঠকাতে;
সাবধান! । ১৩৫ ।

যে বা যা'রা
দেবতার নামে
বা দেবতারই উপলক্ষে
ভিক্ষে করে,
সংগ্রহ করে বা অর্জ্জন করে—
দেবতারই কথা ব'লে,—
অথচ নিজের সেবায় সেগুলিকে আত্মসাৎ করে,
তা'দের হ'তে সতর্ক থেকো;
কৃতঘ্ন আসুরিক ব্যক্তিত্ব
ও প্রতারক-প্রবৃত্তি নিয়েই
বসবাস ক'রে থাকে তা'রা । ১৩৬ ।

ইষ্টসেবার বাহানাকে মুখর ক'রে তুলে'
তা'তে আত্মনিয়োগ ক'রে
যা'রা ইষ্টার্থকে অপহরণ করে—

স্বার্থলুব্ধ প্রবঞ্চনায়,—
তা'রা, মহাপাতকী,
তা'রা লোকজীবনকে
ঐ দূষক বৃত্তির দ্বারা
সংক্রামিত ক'রে থাকে,
তাই, তা'রা স্বতঃই লোকবৈরী,
তা'দের ঐ স্বার্থসেবী অনুপ্রাণতা
শাসনদণ্ড নিয়েই
তা'দের আক্রমণ ক'রে থাকে। ১৩৭।

যা'রা অস্তিবৃদ্ধি-সংক্ষুধ না হ'য়েও
নীতির দোহাই দিয়ে চলে,
অথচ যা'দের অন্বিত-সঙ্গতি-সম্পন্ন
বৈধী বিনায়ন-দৃষ্টি তমসাচ্ছন্ন,
কেমন চলন, কেমন করণ
কোন্ কারণকে উদ্ঘাটিত ক'রে
কিসের সার্থকতা নিয়ে আসে,—
তা'র শুভ-সঙ্গতিশীল দৃষ্টি যা'দের নেইকো,
—তা'রা যতই নীতির কথা বলুক,
নীতিজ্ঞ মোটেই নয়,
তা'দের নৈতিক চলন
একটা কুসংস্কৃতির
অভিশাপ-সন্তপ্ত বিক্ষোভ ছাড়া কিছুই নয়কো। ১৩৮।

মানুষ যদি ইতস্ততঃ ভঙ্গীতে ভাল কথাও বলে,
সন্দেহ ক'রো—
তা'র অন্তরের অন্তরালে
কোনপ্রকার মন্দ উদ্দেশ্য নিহিত আছে,
সরাসরিভাবে সে তোমার বিশ্বস্ত
নাও হ'তে পারে। ১৩৯।

কথার ফাঁকেই হো'ক,
আর, করার ফাঁকেই হো'ক,
একবারও যদি
বিশ্বাসঘাতকতা বা কৃতঘ্নতা
ফুটন্ত হ'য়ে ওঠে,—
তা'কে কোন দায়িত্বশীল কাজে
নিয়োজিত ক'রতে সাবধান!
কোন কাজের কৈফিয়ত দিতে
বা কোন ব্যাপারের হিসাব-নিকাশ দিতে
যা'দের শৈথিল্য,—
তা'রাও কিন্তু সন্দেহের । ১৪০ ।

যে তোমার নিন্দাকে প্রতিবাদ করে—
স্বতঃ-প্রণোদনায়,
নিরোধ না ক'রে সোয়াস্তি পায় না,—
সে যে হো'ক
বা যেমনই হো'ক,
শুভেচ্ছু সে তোমার—
এতটুকু তো ঠিকই । ১৪১ ।

অন্যকে তা'র অবস্থানুযায়ী
না বিবেচনা ক'রেই
বা না জেনেশুনেই
নিন্দা করে তা'রাই,—
যা'দের অন্তঃস্থ হীনম্মন্যতা
কলঙ্কের ক্রীড়নক হ'য়ে বসবাস ক'রে থাকে;
তাই, অন্যের প্রশংসা ক'রে
তা'রা তৃপ্তি পায় না,
ভেবেচিন্তে দেখবার আগেই
কা'রও সুখ্যাতি শুনলেই
জানুক বা না জানুক

জানার ভাঁওতায়
তা'র নিন্দা না ক'রেই পারে না;
ঐ কুৎসিতের প্রলেপ দিয়ে
অন্যের খ্যাতির হাত হ'তে
নিজেকে সামাল ক'রে রাখে;
ঐ রকম দেখলেই
বুঝে নিও অমনতর,
আর, হৃদ্য শৌর্য্যে
অসৎ-নিরোধী তর্পণার সহিত
সাত্বত অনুধায়না নিয়ে
যেমন ক'রে চলতে হয় চ'লো । ১৪২ ।

কা'রও আশ্রিতজন যা'রা,
তা'দের মধ্যে আবার স্ত্রীলোক—
বিশেষ ক'রে প্রাপ্তবয়স্ক যা'রা,
তা'দিগকে ঐ আশ্রয়দাতার মাধ্যমে না দিয়ে
যদি কোনরূপ পরবশতায়
কেউ সরাসরি কিছু দেয়
বা তা'দের সাথে অললভাবে মেলামেশা করে,
সেখানে উভয়কেই সন্দেহ ক'রো—
বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে;
ঐ দেওয়া-থোয়া,
নেওয়া বা মেলামেশার সূত্রে
আপদের সম্ভাবনা যথেষ্ট আছে;
আর, তা' যা'রা করে—
তা'দের আন্তরিক উদ্দেশ্যও সন্দেহের,
এক-কথায়,
তা'রা লোক ভাল কিনা চিন্তনীয়,
নিন্দিত চরিত্র
ডাইনী চাহনিতে

তা'দিগকে অমনতর প্রলোভনে
প্রলুব্ধ ক'রে থাকে । ১৪৩ ।

যে-কোন বন্ধু-বান্ধবই হো'ক না কেন,
সে যদি তোমার সাথে
সাত্ত্বিকী আলাপ-আলোচনা না করে,
তোমাকে নিষ্ঠানিবুদ্ধ না ক'রে
কুপ্রবৃত্তির ইন্ধন জোগায়,—
স্মরণ রেখো—
তা'র চাইতে তোমার ছদ্মবেশী বড় শত্রু
কে হ'তে পারে—
তা' কিন্তু চিন্তনীয় । ১৪৪ ।

কাউকে মৌখিকভাবে
শুভ-সহযোগিতা ও সহানুভূতি
দেখিয়ে বা স্বীকার ক'রেও
কাজে যা'রা বিরুদ্ধ চলনে চলে,
তা'রা নিরুদ্ধই হ'য়ে থাকে
স্বাভাবিকভাবে—
তৎকর্ত্তৃক,
মিথ্যা সহানুভূতির ব্যত্যয়ী প্রতিক্রিয়ায়
তা'রা ব্যাহতি ও হতাশাই
লাভ ক'রে থাকে । ১৪৫ ।

যা'রা সম্মুখে শুভ-কামনাশীল,
মোসাহেবী তৎপরতায় অনুচর্য্যাপরায়ণ,
সমর্থক ও সহায়ক
পরোক্ষে নিন্দুক ও অশুভকামী
ও তৎক্রিয়াসম্পন্ন,—
এমনতর যা'রা তা'দের সঙ্গে
বেশ সতর্ক সন্ধিৎসা নিয়ে চ'লো,

সংঘাত, ক্ষয় ও ক্ষতি
তোমাকে যেন কিছুতেই স্পর্শ করতে না পারে । ১৪৬ ।

যা'রা সম্মুখে
তা'দের বাস্তব দর্শন যা'
তা' উদ্ঘাটিত ক'রে
ও শুভ-কামনায় বিনায়নচেষ্ট হ'য়ে
যা' করণীয়
করতে কসুর করে না,—
তা'রা কিন্তু ঢের ভাল,
তোমার বান্ধবশ্রেণীর মধ্যেই গণ্য তা'রা;
পরোক্ষে নিন্দুক যা'রা,
স্বতঃ-স্বার্থপটু নিন্দাশীল,
অপকর্ম্মনিরত—
সামনে শুভচ্ছোপূর্ণ হ'য়েও,—
ঐ শাতন-প্রতিভূদের প্রতি
বিশেষ লক্ষ্য রেখো—
প্রকৃত বান্ধব-সমাকীর্ণ
প্রস্তুতি নিয়ে । ১৪৭ ।

যে তোমার জন্য সব করতে পারে—
এমনতর ব'লে থাকে,
কিন্তু তোমার অনুকূল অনুচর্য্যায়
বা অনুকূল প্রতিষ্ঠায়
সক্রিয় স্বতঃ-সন্দীপ্ত হ'য়ে
প্রতিকূল যা'-কিছুকে
বর্জ্জন করতে পারে না,
বা প্রতিরোধও করতে পারে না—
একটা অচ্যুত প্রীতি-আগ্রহে অধিষ্ঠিত থেকে—
শত সংঘাতেও যা' বিদীর্ণ হয় না
—এমনতর রকমে,—

তা'দের অমনতর কথায়
আস্থা ক'রে চলা
একটা বেকুবী ছাড়া আর কিছুই নয়,
যে-কোন মুহূর্ত্তে তুমি ক্ষতিগ্রস্ত হ'তে পার;
চল
কিন্তু সাবধানে—
অদৃশ্য নিরোধ সৃষ্টি করতে-করতে । ১৪৮ ।

উত্তরদায়ক ভৃত্য ভাল নয়,
কিন্তু শুভাকাঙ্ক্ষী, শুভকর্ম্মা, প্রীতিসম্পন্ন বান্ধব
সমীচীনভাবে
উপযুক্ত যা' তা' যদি না বলে,
বা উত্তর না দেয়—
সিদ্ধান্তমুখতা নিয়ে,—
তা'ও কিন্তু সুবিধার নয়;
অবশ্য সম্মুখেই হো'ক,
আর, পরোক্ষেই হো'ক,
তোমার হিতকর্ম্মী, হিতবাদী
ও প্রতিষ্ঠাপ্রয়াসী যা'রা নয়,—
তা'রা কিন্তু তোমার বান্ধবশ্রেণীভুক্ত নয় । ১৪৯ ।

যা'রা তোমার অমর্য্যাদায়,
আপদে, বিপদে
স্বতঃ-দায়িত্বে আগলে দাঁড়ায় না,
প্রতিবাদ করে না,
নিরোধ করে না
বা আপদ্-নিরাকরণী বিনায়নে
নিজেকে নিয়োগও করে না—
উদ্গ্রীব নিরাকরণ-তৎপরতা নিয়ে,
বা সম্মুখে লোক দেখানো ভাবে
কিছু দেখিয়ে

পরোক্ষে নির্লিপ্তভাবে চ'লে যায়—
নিজেকে কোনরকমে আবদ্ধ না ক'রে,
—তা'রা কেউই কিন্তু
তোমার নির্ভরযোগ্য কেউ নয়,
তা'দের মধ্যে অনেককে
উল্টোই দেখতে পাবে,
তা'রা তোমার বান্ধব তো নয়ই,
বরং আপদ্-আমন্ত্রণী হোতা;
সাবধান থেকো । ১৫০ ।

যে তোমাকে পেয়ে তৃপ্ত হয়,
অনুচর্য্যা ক'রে ও সঙ্গতিতে কৃতার্থ হয়,
আপ্যায়নী তৎপরতায়
তোমার মনোজ্ঞ চলনে
নিজেকে নিয়ন্ত্রিত ক'রে ধন্য মনে করে,
এক-কথায়, তোমার ধৃতিতে
নিজের ধৃতিকে
শুভপ্রসূ সৌষ্ঠবমণ্ডিত মনে করে,
যে তোমাকে দিয়ে খুশী হয়,
তোমার প্রীতি-অবদান পেলেও তৃপ্ত হয়,
কিন্তু তোমার কোন অপচয়ে দুঃখিত হয়,
যে ধরাই দিতে চায়,
তোমাকে তা'তে লুব্ধ ক'রে
নিজেকে দূরে রেখে
কিছুতেই সুখী হয় না,
এক-কথায়, তুমিই যা'র সত্তার জীয়ন্ত ভূমি,—
তা'কেই আপনার ব'লে জেনো;
এমনতর যে
সে তোমাকে
কোনরকমে বিব্রত করবে কমই । ১৫১ ।

আলাপ-আলোচনা,
কথাবার্ত্তা, বা কাজের ভিতর-দিয়ে
অশুভ বা দুষ্টভাবদীপক কথার
ঢেকুর ওঠে যা'দের—
এমন-কি, বিদ্রূপের ভিতর-দিয়েও,
আর, সেই কথা ধরলেই ব'লে থাকে—
'আমি অমনতর মানে নিয়েই বলিনি',
তা'দের প্রতি যেন তোমার নজর থাকে,
ডোবা কুমীর হ'তে সাবধান থেকো,
অমনতর দেখলেই
পার্শ্ব-প্রতিরোধ সৃষ্টি ক'রেই চলতে থাকবে,
ক্ষতিজনক যেন কেউ না হ'তে পারে তোমার কাছে । ১৫২ ।

যে বা যা'রা
অহেতুকভাবে
বা নগণ্য হেতু আবিষ্কার ক'রে,
অন্যের ক্ষয় ও ক্ষতিতে আগ্রহান্বিত হ'য়ে
তা'ই নিয়ে নাড়াচাড়া করার প্রবৃত্তিকে
সজাগ রেখে চলে,
বা দোষদর্শী নিন্দাসূচক
সমালোচনা ক'রে চলে,—
তোমার বেলায়ও তা'রা কিন্তু তেমনি,
সাবধান থেকো!
যদি পার,
তোমার পরিশুদ্ধি-প্রবণতা
তা'দের পরিশুদ্ধ ক'রে তুলুক—
প্রীতি-প্রাণতায় উদ্দীপ্ত ক'রে । ১৫৩ ।

যা'রা নিজেদের
অসৎ-পরিচর্য্যায় নিয়োজিত করে,
অসৎ ও অশিষ্ট আচারে

নিজেদের সংশ্লিষ্ট ক'রে চলে,—
মোহগ্রস্ত তা'রা,
প্রবৃত্তিকে সত্তা বিবেচনা ক'রে
অসৎ উপচারে
তা'রা ঐ প্রবৃত্তিরই সেবা করতে থাকে—
সর্ব্বনাশের কাল-প্রদীপ জ্বেলে;
আর, সত্তাকে যা'রা ভালবাসে,
নিজের অস্তিত্বকে যা'রা ভালবাসে,
স্বতঃই তা'রা অন্যকেও ভালবেসে থাকে—
সাত্বত-অনুচর্য্যানিরত হ'য়ে । ১৫৪ ।

কেউ যদি নিজের স্বার্থ-চাহিদায়
বা পাওয়ার প্রলোভনে
তোমাকে ভালবাসা
বা আপ্যায়ন-সৌজন্য দেখিয়ে চলে—
তা'তে আস্থা রেখো না,
বিশ্বাস স্থাপন ক'রো না,
কারণ, তা'র স্বার্থসিদ্ধির প্রয়োজনে
সে যে-কোন মুহূর্ত্তে
তোমাকে ত্যাগ করতে পারে,
তোমার প্রতি বিশ্বাসঘাতক হ'তে পারে,
কিন্তু না-পাওয়া, না দেওয়া সত্ত্বেও
অন্তরাগ্রহের সহিত যে তোমাকে দেয়,
তোমার স্বস্তির জন্য করে,
তোমার মঙ্গলই যা'র স্বার্থ—
এমনতর ব্যক্তি আস্থাস্থল কিনা
বিনিয়ে দেখতে পার,
সার্থকতা মিলতেও পারে হয়তো । ১৫৫ ।

যা'রা পাওয়ার লোভে তোমাকে ভয় দেখায়,
আবার, খোসামোদও করে,

কিন্তু যুক্তিসহ কার্য্যতঃ
তোমার ভয়কে ব্যাহত করে না,—
তা'দিগের উপর আস্থা রেখো না,
বিশ্বাস ক'রো না,
তা'রা তা'দের
স্বার্থসুযোগের ক্রীতদাস,
তা'দের বান্ধবতা অকাট্য নয়কো;
এমনতর লোকদিগকে বিশ্বাস ক'রো না,
এমনতর প্রয়োজনে তা'দিগকে রাখবে না—
যেখানে তুমি বিশ্বস্ততাকে
নিটোলভাবে লাগাতে পার;
সাবধান থেকো,
তোমার ক্রমতাৎপর্য্য যেখানে যেমন শিথিল,—
সে সেখানে
তোমাকে ভাঙ্গিয়ে
স্বার্থসিদ্ধির সুযোগে
যা'-কিছুকে মেলে তা' সংগ্রহ করবে—
তোমাকে আয়বাদ ক'রেও,
নজর রেখো । ১৫৬ ।

সন্ধিৎসু সতর্কতার সহিত
ইষ্টার্থ-অনুচলন নিয়ে
নিদেশ ও উপদেশ-পরিপালনী
আগ্রহ-উচ্ছল অনুবেদনায়
কৃতি-সন্দীপনী তৎপরতায়
যে বা যা'রা না চলে,—
বা সঙ্গতিশীল তাৎপর্য্যে
সমীচীন ত্বারিত্য নিয়ে
কৃতিনিষ্পাদনী অনুচলনে
যা'রা না চলে,—

তুমি কি মনে কর
তা'রা তোমার সম্পদ্?
আর, তা'দের উৎকর্ষই বা
কেমনতর হ'তে পারে?
অবজ্ঞা চিরদিনই
উচ্ছলতাকে অবশ ক'রে
মানুষকে মূঢ়ই ক'রে রেখে থাকে,
বিজ্ঞ বোধনা তা'দের কাছে সুদূরপরাহত । ১৫৭ ।

যে
শ্রেষ্ঠনিদেশ সত্ত্বেও
তা' বিহিতভাবে পরিপালিত ক'রে
দায়িত্বশীল আগ্রহে
তা'কে সুমূর্ত্ত ক'রে
বাস্তব বিন্যাসে বদ্ধপরিকর নয়—
কৃতি উৎসর্জ্জনা নিয়ে,
বরং অবজ্ঞা-বিধ্বস্ত ক'রেই থাকে,
সে যে-ই হো'ক
বা যেমনতরই হো'ক না কেন,
তা'র অন্তঃস্থ শ্রেষ্ঠ-আবেগ
ভাবদীপ্ত তো নয়ই,
বরং তাঁ'র প্রিয় হ'য়েও
তাঁ'কে' ব্যতিক্রমী ভাঁওতাবাজীতে
বিধ্বস্ত ক'রে থাকে,
আর, ঐ বিধ্বস্তি
ব্যত্যয়ী বিভ্রান্তি নিয়ে
আত্মসমর্থনের বিকৃত আঘাতে
বহুল ব্যতিক্রম সৃষ্টি ক'রে
বিধ্বস্তিকেই আমন্ত্রণ ক'রে থাকে;
অব্যবস্থ দায়িত্বহীন প্রেম
বিকৃতিরই বিষাক্ত নিঃশ্বাস । ১৫৮ ।

শুভ যা' করবে ব'লে ধরবে—
তোমার সব কাজের ভিতরেও
সেটা যেন প্রধান করণীয় হ'য়ে থাকে—
হৃদ্য সৎ-সন্দীপনায়
লোকের কাছে
এমনতরই অগ্রসর হ'য়ো—
তোমার প্রতি তুষ্ট ছাড়া কেউ রুষ্ট না হয়,
কথায় আর কাজে
অচ্ছেদ্য মিতালী রেখো,
ফচ্‌কে হ'য়ে উঠো না,
চল এমনি ক'রে—
মিতিচলন তাৎপর্য্যে,
শুভ-সন্দীপনার শিষ্ট অনুশাসন
যা' সৎ-এ সম্বুদ্ধ হ'য়ে ওঠে—
তা'তে
আর, চালচলন, কথাবার্ত্তা যা'-কিছু
ঐ নিয়মনায়ই বিনায়িত ক'রো,
সার্থকতা ক্রমেই সংবৃদ্ধ হ'য়ে উঠবে—
দেখো । ১৫৯ ।

যেখানে অস্তিত্বের
বাস্তব কোন দাঁড়া নেইকো,
যা' সাত্বত পরিপোষণী নয়কো,
যা' অসৎ,
যা' সত্তাকে অস্তায়নের দিকেই টেনে নেয়,
বেদনাদায়ক যা',
তা' কিন্তু মানুষ ভালবাসে না,
পছন্দ করে না,
মানুষ কেন,
কেউই পছন্দ করে না;

তাই, তোমার আচার, ব্যবহার, কথা, চালচলন
যা'-কিছুই হো'ক না—
সবই যেন সবার পক্ষে
সত্তাপোষণী হ'য়ে ওঠে,
সাত্বত-পরিচর্য্যা
সবারই অন্তরকে স্পর্শ করে,
—অসৎ যা',
বেদনাদায়ক যা'
যদিও তা'কে হৃদ্য বিনায়নী পরাক্রমে
নিরোধ ও নিরাকরণ ক'রেই চলতে হয়—
অস্তিত্বকে বজায় রাখার জন্যই;
তোমার চালচলন
আদব কায়দা,
ভাবভঙ্গী,
কৃতিদীপনা,
অনুশীলন-তৎপরতা
ইত্যাদি যা'-কিছু সবই যেন
সত্তাপোষণী হ'য়ে ওঠে,
তুমি সবারই সাত্বত দীপনা হ'য়ে ওঠ,
তোমার সত্তা
অযুত আয়ু লাভ করুক সবাইকে নিয়ে । ১৬০ ।

ভজনহীন ভক্তি
আর, পরাক্রমহীন শক্তি—
দুই-ই অকৃতীর সম্পদ্ । ১৬১ ।

ভজনশীল প্রাজ্ঞ যাঁ'রা—
কায়দার কসরত নিয়ে
তাঁ'রা কিছু বলেন না,
বা চলেন না,
কায়দাই তাঁ'দের বলায়, চলায় । ১৬২ ।

ক্ষেমপ্রসূ হও,
ক্ষমতাবান্ হও,
ক্ষমার অধিকারী হবে । ১৬৩ ।

সহ্য কর,
সাবধান হও,
শিষ্ট আচার-ব্যবহার নিয়ে চলতে থাক,
ক্ষমা পাবে,
ক্ষমতাও বাড়বে । ১৬৪ ।

যা'রা ইষ্টীপূত বোধদীপী,
অসৎ-নিরোধী,
ঈশ্বর তা'দের সঙ্গে থাকেন—
দীপন দ্যোতনায়,
শুভস্রোতা হ'য়ে । ১৬৫ ।

অন্যের দুর্ব্ব্যহার পেয়েও
যা'দের নিষ্ঠা, বৈধী বা নৈতিক-চলন
অর্থাৎ সাত্বত নৈতিক-চলন
ও নিদেশবাহিতা
অব্যাহত থাকে—
বিহিত অসৎ-নিরোধী হ'য়ে,—
তা'রাই কিন্তু অব্যর্থ । ১৬৬ ।

অসৎনিরোধী-পরাক্রমহীনতা
ও ধারণ-পালন-পোষণী অক্ষমতা
যেখানে যত,
দুর্ব্বলতার আবাসভূমিও
সেখানে তত । ১৬৭ ।

দুর্ব্বলই হও, আর, সবলই হও,
সক্রিয় পরাক্রম-দীপ্ত যেমন,

সক্ষমও তুমি তেমনি,
আর, ভাগ্যও তোমার সেই পথে । ১৬৮ ।

যে সুকেন্দ্রিক নয়,
সে ছন্নছাড়া । ১৬৯ ।

যা'রা সুকেন্দ্রিক, সক্রিয় স্বাভাবিক মানুষ,—
তা'রা তা' হ'য়েও সহজ-সুন্দর । ১৭০ ।

তাল পাও না,
বেতালে চল,—
তা'র মানে, বেতালকেন্দ্রিক তুমি । ১৭১ ।

তোমার জীবনকে সুকেন্দ্রিক ক'রে তোল—
তোমার ভিতর-বাহিরে যা' কিছু আছে
সব নিয়ে,
সার্থক সঙ্গতিশীল তৎপরতায়,
সতর্ক বোধ-বিধায়িত ত্বারিত্যে
তোমার চরিত্রে সহজ হ'য়ে উঠুক সমীচীনভাবে,
যা'ই কর, যেখানেই হও,
আর, যেমনই চল,—
প্রতিটি পদবিক্ষেপ যেন এমনতরই হয় । ১৭২ ।

সুকেন্দ্রিক হও,
ইষ্টার্থ-অভিনিবেশী হও—
কৃতি-তৎপরতায়,
আর, ঐ পথেই
জীবনকে বিনায়িত ক'রে চলতে থাক,
হাস যত পার—
হৃদয়কে উন্মুক্ত ক'রে,
নিজেও ফুল্ল হও,
অন্যকেও ফুল্ল ক'রে তোল,
তোমার হাসির লহরে

সবারই প্রাণ মেতে উঠুক হাসিনন্দনায়,
নজর রেখো—
তোমার কৃতিচলন ও হাসির হিল্লোল
কা'রও যেন
বেদনার সৃষ্টি না ক'রে তোলে । ১৭৩ ।

চলন যা'র যত অনিয়ন্ত্রিত, অস্থির—
সুস্থিও তা'র তেমনি
চাঞ্চল্যদুষ্ট, ব্যতিক্রমী । ১৭৪ ।

আত্মনিয়ন্ত্রণে শ্লথ যা'রা—
স্বাধীনতা তা'দের
বিচ্ছিন্নই ক'রে তোলে । ১৭৫ ।

সুকেন্দ্রিক ধৈর্য্যশীল সুখ-সন্দীপী স্বভাবই
সুখের উৎস,
আর, অসন্তোষ ও অতৃপ্তি
দুঃখেরই পরম বান্ধব । ১৭৬ ।

যে যেমন মানুষ
সে তদনুগ লোককেই পছন্দ করে
সাধারণতঃ । ১৭৭ ।

পছন্দের যদি
ছান্দিক সঙ্গতি না থাকে,
তবে সুশ্রী যা'
তা'কেও বিশ্রী দেখায় । ১৭৮ ।

উদ্দেশ্যে সংন্যস্ত-সঙ্কল্প হ'য়ে
করার-পরিচর্য্যায়
তা'কে হইয়ে তোলা বা হওয়ানো—
এই হ'চ্ছে সবারই জীবনগতি,
সম্বর্দ্ধনী অনুচলন;

উদ্দেশ্য বা লক্ষ্যহারা যা'রা,—
তা'রা ন্যস্ত-সঙ্কল্প হ'তে পারে না,
তাই, সঙ্গতিহারা বিচ্ছিন্নকর্ম্মা
হ'য়েই থাকে প্রায়শঃ
আর, তা'রাই দোদুল-চিত্ত । ১৭৯ ।

মানুষ কেমন—
তা' তুমি এঁচে নিতে পার
সাধারণতঃ তা'র সঙ্গ দেখে,
যা'র অন্তঃকরণ যেমনতর
সে তেমনতর সঙ্গ নিয়েই থাকে;
সাধারণতঃ এই কথা সত্য হ'লেও
কে কী উদ্দেশ্যে কোন্ সঙ্গে থাকে,
এবং কথায়-কাজে, চলন-চরিত্রে
তা'র সঙ্গতি কেমনতর,—
তা' দেখেই বোঝা যায়—
মানুষ আসলে সে কেমনতর । ১৮০ ।

তুমি কেমন লোক,
তা'র নিশানাই হ'চ্ছে—
তুমি ইষ্টনিষ্ঠ কতখানি,
কেমনতর সক্রিয়ভাবে,
তোমার আচার-ব্যবহার চালচলনে
ইষ্টদ্যোতনাই বা কেমন,
আর, তা' লোকে পছন্দ করে কেমন,
তুমি তা'দিগেতে অন্তরাসী হ'য়ে উঠেছ কতখানি,
তোমার শত্রু বা সমালোচকও
তোমাতে কেমন কতটুকু স্নেহপ্রবণ;
তুমি কেমনতর কতখানি—
এমনি ক'রেই তা'র পরীক্ষা । ১৮১ ।

তুমি কেন, কিসের প্রত্যাশায়
উচ্ছল ধী, ধৈর্য্য ও অধ্যবসায়ে উদ্যুক্ত হ'য়ে
কী করতে পার,
কেমনতর সৌকর্য্য নিয়ে,
আর, তা' করতে
তোমার প্রবৃত্তিগুলিকে
কেমন ক'রে কতখানি
নিয়মন ও নিয়ন্ত্রণ ক'রে
ঐ করণের অনুকূল অনুচলনে
নিজেকে বিনায়িত ক'রে চলতে পার—
অদম্য বা ছেদশীল অনুরাগ নিয়ে,
কোন্ জিনিষ বা
অপেক্ষাকৃত সহজে করতে পার,
কোন্ জিনিষ বা পার না,—
তুমি কেমন মানুষ
তা'র গোড়া ঐখানে,
ঐ কিসের জন্য'
অর্থাৎ, যা'র জন্য পার বা পার না—
তা' যেমন,
তুমিও তেমন । ১৮২ ।

তুমি কেমন মানুষ,
তা' নিজে বুঝতে পার
আর নাই পার,
যাবে কিন্তু তা'দেরই কাছে—
যা'দের সাথে তোমার যোজনা আছে,
যা'দের মিষ্টি লাগে তোমার কাছে,
এই স্বভাব-সঙ্গতিই দেখিয়ে দেয়—
অন্তঃকরণে তুমি কেমন,
আর, ব্যতিক্রম হয় এর সেখানেই—

সেখানে ইষ্টানুগ শ্রদ্ধা-উচ্ছল উসর্জ্জনায়
যা'-কিছুর ভিতর দিয়ে
তা'কে সার্থক ক'রবার আগ্রহ নিয়ে চল তুমি,
কথায় আছে, "যোগ্যং যোগ্যেন যোজয়েৎ" । ১৮৩ ।

তুমি কী কর,
কী বল,
কেমন চল,
কোথায় কেমনতর ক'রে হাস,
ব্যবহার-পরিক্রমায়
একটু ধীমান্ হ'লেই
সেটা কিন্তু বোঝা যায়—
তা'র ঐ বহিঃপ্রকাশ দিয়ে,
অন্তঃকরণে
চিন্তাসমষ্টির সঙ্গতিশীল তাৎপর্য্য
কোথায় কেমন,
